হার্জ

দুঃসাহসী টিনটিন

# পান্না কোথায়



আনন্দ

## দুঃসাহসী টিনটিন

# পান্না কোথায়




আনন্দ পাবলিশার্স লিমিটেড

কলকাতা-৯

টিনটিনের বই নিম্নলিখিত ভাষাগুলিতে প্রকাশিত হয়:

| | |
|---|---|
| আলসাসিয়েন | কাস্টারমান |
| বাস্ক | এলকার |
| বাংলা | আনন্দ |
| বার্নিজ | এমনতালের ড্রুক |
| ব্রেটন | আন হিয়ার |
| কাতালান | কাস্টারমান |
| চিনা | কাস্টারমান/চায়না চিলড্রেন পাবলিশিং |
| কর্সিকান | কাস্টারমান |
| ড্যানিশ | কার্লসেন |
| ডাচ | কাস্টারমান |
| ইংরেজি | এগমন্ট ইউ কে লি./লিট্‌ল, ব্রাউন অ্যান্ড কোং |
| এসপারান্তো | এসপারেন্টিক্স/কাস্টারমান |
| ফিনিশ | ওতাভা |
| ফরাসি | কাস্টারমান |
| গালো | রু দে স্ক্রিব |
| গোমে | কাস্টারমান |
| জার্মান | কার্লসেন |
| গ্রিক | কাস্টারমান |
| হিব্রু | মিজরাহি |
| ইন্দোনেশীয় | ইন্দিরা |
| ইতালীয় | কাস্টারমান |
| জাপানি | ফুকুইনকান |
| কোরীয় | কাস্টারমান/সোল |
| লাতিন | এলি/কাস্টারমান |
| লুক্সেমবুর্গিস | অ্যাপ্রেমেরি স্যাঁ-পল |
| নরওয়েজিয়ান | এগমন্ট |
| পিকার | কাস্টারমান |
| পোলিশ | কাস্টারমান/মোতোপোল |
| পর্তুগিজ | কাস্টারমান |
| প্রভংসাল | কাস্টারমান |
| রোমঁশ | লিজিয়া রোমোঁতশা |
| রুশ | কাস্টারমান |
| সার্বো ক্রোয়েশিয়ান | ডেকিয়ে নোভিন |
| স্পেনীয় | কাস্টারমান |
| সুইডিশ | কার্লসেন |
| থাই | কাস্টারমান |
| তিব্বতি | কাস্টারমান |
| তুর্কি | ইয়াপি ক্রেডি ইয়াইনলারি |

ISBN 81-7215-574-3

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশেরই কোনওরূপ পুনরুৎপাদন
বা প্রতিলিপি করা যাবে না, কোনও যান্ত্রিক উপায়ের (গ্রাফিক, ইলেকট্রনিক বা অন্য কোনও মাধ্যম,
যেমন ফোটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য-সঞ্চয় করে রাখার কোনও পদ্ধতি)
মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনও ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনও
তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে
উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।
© চিত্র ১৯৪৮ এডিশান্‌স, কাস্তারমান, প্যারিস ও তুর্নাই।
© পুনর্নবীকরণ ১৯৭৫, কাস্টারমান
© বাংলা তর্জমা ডিসেম্বর ১৯৯৫ আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা
প্রথম প্রকাশ এপ্রিল ১৯৯৬
নবম মুদ্রণ ফেব্রুয়ারি ২০১২
আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেডের পক্ষে ৪৫ বেনিয়াটোলা লেন, কলকাতা ৭০০ ০০৯, ভারত
থেকে সুবীরকুমার মিত্র কর্তৃক প্রকাশিত এবং
নবমুদ্রণ প্রাইভেট লিমিটেড
ব্লক সিপি ৪, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা ৭০০ ০৯১, ভারত থেকে মুদ্রিত।

২০০.০০

# পান্না কোথায়


আঃ, কী সুন্দর আবহাওয়া ! আহা, প্রাণ যেন জুড়িয়ে যাচ্ছে !
আকাশটা ঝকঝকে নীল, পাখি গান গাইছে, ফুল ফুটছে, চতুর্দিকে ছড়িয়ে যাচ্ছে তার সুবাস । নাও, টিনটিন, নাক ভরে নিশ্বাস নাও ! আঃ, কী চমৎকার নির্মল বাতাস, কী সুন্দর ফুলের গন্ধ !
?
গন্ধটা মোটেই সুন্দর নয়, ফুলেরও নয় !
তাই তো !
কী করে সুন্দর হবে ! রাজ্যের জঞ্জাল এনে এখানে ডাঁই করে রাখা হয়েছে !
আর এই দুর্গন্ধের মধ্যেই আস্তানা গেড়ে বসেছে, ওরা কারা হে ?
যাযাবর !
ধুত, এখানে থাকা যায় ?
আরে, একটা বাচ্চা কাঁদছে না ?



অ্যাঁ...অ্যাঁ...
ছোট্ট একটা জিপসি-মেয়ে...
উঁ...উঁ...উঁ...
মেয়েটা নিশ্চয় পথ হারিয়ে ফেলেছে !
কী হয়েছে ? কাঁদছ কেন ? পথ হারিয়েছ ?
?
ভয় নেই । আমি টিনটিন । তোমার নাম কী ?
চুপ করে থেকো না ।
ভয় পাচ্ছ কেন ? আমরা কি তোমাকে খেয়ে ফেলব ?
কী হচ্ছে, ক্যাপ্টেন ?
হুঁহুঁহুঁ...
বাবা গো !
কটাস !
ওরে বাবা, এ কী সর্বনেশে মেয়ে !
ধরতে পারলে মেরে হাড় গুঁড়িয়ে দেব !
কামড়ে রক্ত বার করে দিয়েছে !
তা করেছে ! কিন্তু তুমি ওকে ঘাবড়ে দিলে কেন ?
ভৌভৌ !
আবার কী হল ?
?
ভৌভৌ !
কী হল রে কুট্টুস ?
এই মরেছে !
ভৌভৌ !


এই রে ! ছুটতে গিয়ে পড়ে গিয়েছে মেয়েটা ! মাথা ফাটিয়েছে কিনা কে জানে !
মাথা ফাটেনি তো ?...নাঃ, রক্ত নেই ! তবে লেগেছে খুব !
আহা রে !
ভয় পেও না, চলো, তোমাকে তোমার মায়ের কাছে পৌঁছে দিচ্ছি । হাঁটতে পারবে তো ?
সোনা মেয়ে !
ব্যথা কমেছে ?
মিনিট কয়েক বাদে...
মা গো !
মিয়ার্কা !
উঃ, এই নরককুণ্ডের মধ্যেও মানুষ থাকে !
থাকে !
সুপ্রভাত !
মেয়েটিকে আমরা জঙ্গলের মধ্যে দেখতে পাই । পথ হারিয়ে ফেলেছিল । আমাদের দেখে দৌড়ে পালাতে গিয়ে পড়ে যায় । আমরা ওকে পৌঁছে দিয়ে গেলুম ।
তা বাবা ভালই করেছ । একটা টাকা দাও তো হাত দেখে তোমার ভাগ্যফল বলি
না না, দরকার নেই।
বাচ্চা মেয়েটির কপাল ছড়ে গেছে । ডাক্তার দেখালে ভাল হয় ।
ডাক্তার দেখাতে টাকা লাগে ! পাব কোথায় ?
একটা টাকা দাও তো তোমার হাত দেখে দিই ।
না, না, দরকার নেই ।
ওরে বাবা ! এ কী !
সে কী ! খারাপ কিছু ?


ঝামেলা আছে !
ব্যস, এ-ভাবে বললে তোমার ভাগ্যে কী আছে আমিও বলতে পারি !
তোমাকে খুব সাবধানে চলাফেরা করতে হবে···না হলে একটা দুর্ঘটনা···তবে মারাত্মক কিছু নয়··· এক সুন্দরী আসছে···সুন্দরী তোমার সঙ্গে দেখা করতে···আহ্ ! দারুণ সব গয়না, আর ···উহ্ ! ···দারুণ বিপদ···
বলে যাও, বলে যাও!
গয়না নেই···মানে উধাও···চুরি গেছে ! একটা রুপোর টাকা ছাড়ো, আরও অনেককিছু বলব ।
ন্না ! ঢের হয়েছে ! হাত ছাড়ো এবার ।
একটা মোটে রুপোর টাকা···না হলে ···গয়না উধাও হবে ! বিস্তর দুঃখ্যু
আমিও উধাও হব! ···যা বলেছ —একদিনের পক্ষে যথেষ্ট
ঠিক আছে, চলি এবার, বাচ্চাটার যত্ন নিও । যাওয়ার আগে একটা কথা বলি, এই নোংরা জায়গাটায় না থেকে অন্য কোথাও থাকলে পারো···জায়গাটা স্বাস্থ্যের পক্ষে বেশ খারাপ···
তোমার কি ধারণা আমরা শখ করে ডেরা বেঁধেছি এখানে ? নোংরার মধ্যে থাকতে খুব মজা লাগে আমাদের ?
ন্না, আসলে তুমি···
দাঁড়াও মাইক, উজবুকটার সঙ্গে আমি কথা বলছি ।
আমি উজবুক ?
রোমানির বাইরে যে-কাউকেই আমরা ওই নামে ডাকি···শোনো, একজন অসুস্থ মানুষকে সঙ্গে নিয়ে কাল এসেছি । আর কোথাও পুলিশ থাকতে দেবে না!
ওহ্ ! তাই বলো!
গুলি মারো তো ! যা বলছি শোনো এখন। এখানে থাকার দরকার নেই । হলের কাছে চমৎকার একটা উপত্যকা আছে, পাশেই নদী । ইচ্ছে হলে ওখানেও যেতে পারো ।
ওহ ! এত নোংরার মধ্যে কোনও মানুষ থাকতে পারে !
যাক, তুমি তো বুদ্ধি দিয়েছ ।
?
!
দড়াম্


ইশ্ ! অধ্যাপক, ভাঙেটাঙেনি তো ?
হ্যাঁ, কয়েক ইঞ্চি লম্বা একটা টুকরো !
সিঁড়ির ধাপ ভেবে···সেই জন্যেই তো ! এখনও সারানো হয়নি ! কবে যে মিস্তিরি আসবে ?
আমি তো স্যার লোকটাকে পরের পর ফোন করে যাচ্ছি···আসবে বলেওছিল···
উহুঁ ও-ভাবে নয়, কীভাবে বলতে হয়
হ্যালো ?··· হ্যালো ? মিঃ বোল্ট ?··· কী বললেন, আপনি বোল্ট নন ?
না স্যার, আমি কাট্স, মাংসওয়ালা···হ্যাঁ স্যার···না স্যার ।
DIPLOM
ঠকাশ
হ্যালো ?···বোল্ট কথা বলছেন কি ?
হ্যাঁ···ওহ্, হ্যাঁ স্যার···হ্যাঁ, আমি জানি··· হ্যাঁ, আসলে হঠাৎ কাজের চাপে···হ্যাঁ, খুব ক্লান্তিকর···অ্যাঁ ? হ্যাঁ স্যার, সত্যি খুব ভয়ের···কখন ? ঠিক আছে, আমি আসছি স্যার···কালকেই । হ্যাঁ, কাল প্রথমেই···আপনি আমার ওপর নির্ভর করতে পারেন স্যার···
ছাড়ছি তাহলে
কীভাবে কাজ হাশিল করতে হয় দেখলে তো নেস্টর । একটু শুধু কড়া ভাষায়, ব্যস । শুনলে তো, কালকেই আসছে লোকটা ।
আগে সত্যি-সত্যি আসুক স্যার !
এবার একটা ছোট্ট ড্রিংক দরকার । টাটকা হাওয়ায় তেষ্টা পাচ্ছে বেশ ! সব ভাল তো টিনটিন ?
লন্ডন থেকে চ্যাংয়ের চিঠি এসেছে । ভাল আছে ও, তোমাকে শুভেচ্ছা জানিয়েছে ।
ছেলেটি কিন্তু চমৎকার !
হ্যাঁ, আর একটা চিঠি···কার চিঠি ভাবতেই পারবে না ; বিয়াংকা কাস্টাফিওর !
বিয়াংকা কাস্টাফিওর ! হা ! হা ! হা ! মিলানিজের সেই প্রিয় নাইটিংগেল !
আ-আ-আ-আহ সুন্দরী রে···
সপ্লচ
···তুলনাহীনা রে··· রে-এ-এ-এ-এ
কী ব্যাপার, ঝড় উঠছে নাকি !
কী লিখেছে সুন্দরী ?
না, মেঘ কেটে গেছে ।
?
ভদ্রমহিলা কাল এখানে আসছেন !


কী সাঙ্ঘাতিক?...কাল??...এখানে? তুমি নিশ্চয়ই ঠাট্টা করছ!!!
পড়ে দেখ না!
প্রিয় টিনটিন, অনেকদিন তোমার সঙ্গে...ব্লাব্লাব্লা... প্রেস থেকে উদ্ধার...ব্লাব্লাব্লা...তোমার সাদাসিধে বন্ধু মার্লিনস্পাইক হলের নেমন্তন্ন...ব্লাব্লাব্লা... আমি সতেরো তারিখে পৌঁছচ্ছি...অ্যাঁ?
কী সাঙ্ঘাতিক?! ...এখানে!? দুর্যোগ! দুর্বিপাক! কেলেঙ্কারি!
আরে...সবশেষে তোমার জন্যেও দুটো কথা...
ক্যাপ্টেন বারটকের জন্য শুভেচ্ছা।
বারটক নয় হ্যাডক! ওরে শ্রীমতী ক্যাস্টরয়লি!...হ্যাডক!
নেস্‌টর!
আসছি স্যার
নেস্‌টর, শিগ্‌গির ব্যাগট্যাগ গুছিয়ে দাও! ঘণ্টাখানেকের মধ্যে বেরিয়ে যাব আমি!
ভাল কথা...
প্রতিবাদ করা মানে তো... ওহ্ কী ঝঞ্ঝাট!
দড়াম্
উহ্...ভাঙা সিঁড়িটায় হোঁচট খেয়ে স্যার!
ওরে গোলমেলে টাইফুন...তুমি তো জানতে সিঁড়িটা ভাঙা! আমিই তো তোমাকে কতবার সাবধান করে দিয়েছি!
ডং
অ্যাঁ...হ্যাঁ স্যার...ডোরবেল বাজছে।
এক্ষুনি যাব। আমার ব্যাগ গুছিয়ে দাও।
বেচারা চলে যাচ্ছে! ওদিকে যে আসার নয় সে আসছে...
ম-র্‌-র্‌-আ
তোমার টেলিগ্রাম টিনটিন! কে জানে, বিয়াংকা হয়তো আসছে না!
কী ব্যাপার?
হ্যাঁ, ওঁর কাছ থেকেই এসেছে!


দুঃখিত । স্টপ । আসতে পারছি না···
চমৎকার !
হুর্‌য়ে !
!
যাব্ বাবা ! ছাতা না নিয়ে এসে ভুল করেছি ।
সুপ্রভাত ! শ্রীমতীটি আসছেন না !
ন্না, মনে হয় না বৃষ্টি বেশিক্ষণ চলবে !
কিন্তু···
নেস্‌টর !···নেস্‌টর ! ব্যাগ গোছাবার দরকার নেই । আমি যাচ্ছি না !
দাঁড়াও ক্যাপ্টেন, আরও কিছু কথা···
ঠিক আছে স্যার ।
দুঃখিত । স্টপ । আসতে পারছি না সতেরো তারিখে । আসছি ষোলোয় । স্টপ । শুভেচ্ছা, বিয়াংকা ।
কী ?!
ষোলো···ষোলো···কিন্তু আজকেই তো ষোলো তারিখ !
হ্যাঁ ক্যাপ্টেন ।
পালাও সবাই ! যে যার দায়িত্বে ! জাহাজ ডুবছে ! আমি পালাচ্ছি !
কিন্তু কোথায় ?
জানি না ! কোথায় যাচ্ছি বড় কথা নয় । মিলানেও যেতে পারি । বজ্রকণ্ঠীর ভয়ে অ্যাদ্দিন ওখানে যেতে সাহস পাইনি ।
কিন্তু···
নেস্‌টর !···নেস্‌টর ! শিগ্‌গির আমার ব্যাগ দাও !
ক্রাম্প
থাম্প
বাম্প
?
ক্যাপ্টেন ! ক্যাপ্টেন !
হতচ্ছাড়া ! আপদ !


ওরে বিকট টাইফুন, ওই সিঁড়িটা !...ওই গোলমেলে ধাপে...ফাঁকিবাজ মিস্তিরিটা আসুক একবার !
কিছু ভাঙেনি নিশ্চয়ই ?
না ! কপালজোর বলতে হবে ! তবে একটুতেই মচকে...
আউ !
বেয়াড়া চোট...শিরায় টান পড়েছে।
?
কাল পা প্লাস্টার করব...
প্লাস্টার !! পা মচকেছে শুধু ? !! কিন্তু ডাক্তারবাবু, কাল তো আমি ইটালি যাচ্ছি।
যাওয়ার কোনও প্রশ্নই ওঠে না। পা প্লাস্টার করে এখন দু-সপ্তাহের পুরো বিশ্রাম। কপাল ভাল, পা-টা ভাঙেনি।
ভাল কথা, সিঁড়িটা এবার সারিয়ে নিন। সবাই আপনার মতো ভাগ্যবান নয়...চলি।
ঠিক আছে, ডাক্তারবাবু।
ভাগ্যবান ? এটা যদি ভাগ্য হয়, দুর্ভাগ্য ঢের ভাল !
কু-উ-উ-উ-উ
!
আহ্ ! ক্যাপ্টেন ফ্যাট্স্টক...আপনাকে দেখে কী ভালই না লাগছে !
ভেতরে ঢুকলেন কী ভাবে ?
হায় ভগবান ! কী হয়েছে আপনার ?
না মচকেছে ! কিন্তু...ভেতরে ঢুকলেন কী ভাবে ?
আমরা ঢোকার মুখে একজন বেরিয়ে যাচ্ছিলেন...টিনটিন ছিল...তাই আর বেল বাজাতে হয়নি।
"আমরা" ? আর কে-কে আছে আবার !
থাকবে না ! এই যে ইর্মা, আমার কাজের লোক...
...আর ইনি আমার অ্যাকমপ্যানিস্ট ওয়াগ্নার, এঁকে তো...হা !
হা !...সঙ্গে নিতেই হবে !



সিনিওরা, আপনার সঙ্গে ক্যালকুলাসের আলাপ করিয়ে দিই— ।
আহ ! আপনার সঙ্গে পরিচিত হওয়া যে কী সৌভাগ্যের···আপনিই তো সেই মানুষ যিনি বেলুনে চড়ে সাঙ্ঘাতিক সব···
!
সিনিওরা আপনার সঙ্গে আলাপ করে আমি খুব সম্মানিত বোধ করছি···এত বড় একজন শিল্পীর সঙ্গে···কী বিরাট শিল্পী আপনি···আপনার কৃতিত্ব···
আপনি কিন্তু আমাকে লজ্জা দিচ্ছেন !
ননা সিনিওরা, আমারও তাই ধারণা ! টিনটিন প্রায়ই আপনার ছবির কথা বলে থাকে···কী সুন্দর ড্রয়িং, সেই সঙ্গে রংয়ের কী দুর্দান্ত ব্যবহার । আর আপনার সব পোর্ট্রেটের সঙ্গে কী দারুণ মিল— ।
নেস্টর, সিনিওরাকে ওঁর ঘরটা দেখিয়ে দাও ।
দিচ্ছি স্যার ।
কী অনুগ্রহ আপনার···কিন্তু প্রথমে···ইর···ইরমা, প্রিয় ক্যাপ্টেন হ্যাডকের সেই ছোট্ট জিনিসটা কোথায় ?
!
ট্যাক্সিতে, এক্ষুনি নিয়ে আসছি আমি ।
ভেবেছিলাম···আপনার মতো একজন প্রবীণ নাবিক নিশ্চয়ই সমুদ্রে খুব নিঃসঙ্গ বোধ করে থাকেন····
আপনার মন সত্যিই কোমল, কিন্তু···
জানি আপনার খুব পছন্দ হবে···
এই যে ম্যাডাম ।
?
···মিষ্টি এই পাখিটা আপনার সর্বক্ষণের সঙ্গী হবে
?!?
আমি···সত্যি, কী দারুণ চমক ! অসাধারণ !··· আর কিছুতে এত আনন্দ পেতাম না আমি !
আহ ! আমি জানতাম !
ইরমা, একে দাঁড়ে বসিয়ে দাও
দিচ্ছি ম্যাডাম ।
কথা-বলা পশুপাখি সহ্য করতে পারি না আমি !
মালপত্তর নামানো হয়ে গেছে । এখানেই শ্রীমতী থাকছে···কাজে নেমে পড়া যাক এবার !


ওর নাম ইয়াগো, সিনিওর ভের্দি ওই নামেই তো···এত আদুরে না···ক্যাপ্টেন হপস্কচকে কত্ত ভালবাসি, তাই না ?
ওকে একটু আদর করুন ক্যাপ্টেন, দারুণ ভাল ; কাউকে কামড়ায় না ।
কিলিকিলিকিলি !
কী মিষ্টি !···ও কিন্তু আপনাকে এর মধ্যেই দারুণ ভালবেসে ফেলেছে । পশুপাখিরা ভালবাসার মানুষদের চিনে ফেলে চট করে ।
তাই বুঝি ?
ক্রো !
ই-আ-ও-ও-ও !
বাঁদর, ছাগল···নরখাদক···ছোটলোক··· রক্তচোষা বাদুড় !
হ্যাল্‌-ও-ও-ও ! শুনতে পাচ্ছি !
ছিঃ ছিঃ ক্যাপ্টেন স্টপকক, গালাগালি নয়···মিষ্টি পাখিটা শিখে ফেলতে পারে !···হাত দেখি ।
ক্রো !
এক মিনিট···আসলে আমাদের আঙুল গুলো···ইর্‌মা···ফার্স্ট এডের বাক্সটা, তাড়াতাড়ি !
এই যে মাদাম···আর···এটা···
ওহ্ ! ভুলেই গিয়েছিলাম ! টিনটিন তোমার জন্যে ছোট্ট একটা উপহার !
?
এবার···বেচারা নাবিকের জন্যে ছোট্ট প্রজাপতি !
জুয়েল সং !
ধন্যবাদ সিনিওরা ···আমার কথা আপনার দেখছি···
ননা, আসলে···এটা পেলে সিলডাভিয়ায় আমাদের প্রথম সাক্ষাতের কথা মনে পড়বে তোমার ! মনে পড়ে ?
পড়বে না আবার ! ভোলা অসম্ভব ! 'ফাউস্ট' থেকে জুয়েল সং সেবারই তো প্রথম শুনি !
হ্যাঁ হ্যাঁ···জুয়েল সং···
MARGARETHE
এইরে!···আমার গয়না !


আপনার গয়নার বাক্স তো এখানে মাদাম !
ওহ ! তোমার কাছে ! বাঁচলাম !
আমার ঘরটা এবার দেখিয়ে দাও···
নিশ্চয়ই, আসুন সিনিওরা ।
এইরে, আর একটু হলেই ভুলে যাচ্ছিলাম···রিপোর্টাররা আমার খোঁজ পেয়ে গেলে আমাকে কিন্তু বাঁচাতে হবে ক্যাপ্টেন··· সাক্ষাৎকার নয়, ছবি নয়, প্রচার নয়···লুকিয়ে এসেছি, লুকিয়েই থাকতে চাই । সাহায্য করবেন তো ?
নিশ্চয়ই !
সিনিওরা, সিঁড়ির চার নম্বর ধাপটা কিন্তু ভাঙা ।
ঠিক আছে ।
এইটাই সিনিওরার ঘর ।
দারুণ !
সাবেককালের আসবাবপত্র— চমৎকার ! বিছানাটাও দুর্দান্ত···ওটা দশম হেনরির ছবি না ?
না সিনিওরা, প্রথম চার্লস ।
ডং
হ্যাঁ হ্যাঁ, আমিও তাই বলতে চেয়েছিলাম !
ডোর-বেল বাজছে, আমি একটু আসছি সিনিওরা ।
হ্যাঁ-হ্যাঁ, এসো ।
যত্তসব ! কে আবার এল ?
আহ !···সিঁড়িটা !
বাহ্ ! চমৎকার সামলেছ নেস্টর ! মাথা এই ভাবে সব সময়···
!


টেলিফোনটা এখানে রেখে দিচ্ছি ক্যাপ্টেন, তোমার সুবিধে হবে ।
ধন্যবাদ টিনটিন
সার ! বাড়ির সামনে একগাদা জিপসি···ওরা বলছে আপনি নাকি ওদের আসতে বলেছেন···পেছনের মাঠে থাকতে দেবেন !
ঠিক কথা নেস্টর, নদীর ধারের উপত্যকাটা ওদের দেখিয়ে দাও ।
কিন্তু সার ! ···একটা কথা··· জিপসিরা একনম্বরের চোর··· ওরা কিন্তু ঝামেলা পাকাবে ।
ঝামেলা ! !
ঝামেলা আর নতুন করে কী হবে ? ···যাও নেস্টর, জায়গাটা ওদের দেখিয়ে দাও···
কিন্তু···আসলে···ঠিক আছে, যাচ্ছি সার ।
আমি যাব কি ক্যাপ্টেন ? নেস্টরের তো বাড়িতে অনেক কাজ— ।
ঠিক আছে ।
জিপসিদের নেমন্তন্ন করে বাড়িতে আনা !
পাগল···মাথাটা খারাপ হয়ে গেছে···টের পাবে মজা !···
দড়াম
হতচ্ছাড়া ! ওই সিঁড়িটা ! কেউ কি চোখ খুলে হাঁটে না !
রিরিইং
হ্যালো···হ্যাঁ, হাডক বলছি···আপনি ? অ্যাঁ, পুলিশ ! কেন ? ! ?


ক্যাপ্টেন, আমার লোকজন জানাল, কিছু জিপসি আপনার জমিতে···আপনি নাকি ওদের ডেকে নিয়ে এসেছেন··· থাকতে দিচ্ছেন···সত্যি কি ?
সত্যি, ইন্সপেকটর। বেচারারা নোংরা জায়গায় থাকতে বাধ্য হয়···আমি তাই ওদের আমার জমিতে···
হ্যাল্-ও-ও-ও ! শুনতে পাচ্ছি !
হ্যাল্লো ? অ্যাঁ ? শুনতে পাচ্ছেন ? বেশ বেশ, আমিও পাচ্ছি। আপনি উদার প্রকৃতির, আপনার উদ্দেশ্য আমার কাছে স্পষ্ট। 'চুপ কর' বললেন কি ?
ন্না, আপনাকে নয় ! আমি হতচ্ছাড়া পাখিটাকে চুপ করতে বলছি, আপনি···
হ্যাল্-ও-ও-ও ! শুনতে পাচ্ছি !
ওহ্ ! আপনি এখনও পাখিটার সঙ্গে কথা চালিয়ে যাচ্ছেন···শুনুন, জিপসিদের ব্যাপারে আপনি যা ভাল বোঝেন তাই করবেন···তবে আপনাকে সতর্ক করে দিচ্ছি, ওরা কিন্তু ঝামেলা পাকাতে ওস্তাদ !
ঝামেলা ! ··· হা ! হা ! প্রথমে বনবেড়ালের কামড় খেলাম, তারপর পাখিটার···পায়ে চোট···ওদিকে ক্যাস্টাফিওর ইরমা আর তরুণ বিটোভেনকে নিয়ে ঘাড়ে চেপে বসেছে···আর কী ঝামেলা হতে পারে ! হা ! হা !···
একটু বাদে···
যাক, কাজ শেষ : ওরা ওদিকে ডেরা বাঁধছে।
উজবুকগুলোকে ঘেন্না করি। ওরা সাহায্যের ভান দেখাচ্ছে, কিন্তু ভেতরে-ভেতরে অপছন্দ করে আমাদের···
ন্না, এরা অমন নয় মাইক।
গর্‌র্‌র্ ! ভৌউউউ !
কী ব্যাপার ? কুট্টুস অমন করছে কেন !
ভৌ ! ভৌ ! গর্‌র্‌র্ ! গর্‌র্‌র্ !
কুট্টুস !···ওই তো কুট্টুস !
?
ভৌ ! ভৌ !
কে ? কে ওখানে ? ···দাঁড়াও !
ভৌ ! ভৌ !


ভাঙা পাঁচিল !... ওখান দিয়ে ওরা পালাচ্ছে !
ভৌ !
ঘররররর
গাড়ি !
ভৌ !
!
ব্যাপারটা কী ?...কী করা উচিত এখন ?...ক্যাপ্টেনকে বলব ?...না-না, ওর তো ঝামেলার শেষ নেই !
রিরিইংরিরিইং
হ্যালো ?...হ্যালো ?... শুনতে পাচ্ছেন ?
?
রিরিইংরিরিইং রিরিইংরিরিইং রিরিইংরিরিইং
করেকটেকাংঘ্যাঁচ !
আরে ! আমার গয়না !
ইর্মা, আমি আমার গয়না এই ড্রয়ারটায় তালা দিয়ে রাখছি...
চাবিটা রেখে দিচ্ছি এই ফুলদানিতে । মনে রেখো লক্ষ্মীটি ।
ঠিক আছে দিদি।
এই হচ্ছে ব্যাপার, ক্যাপ্টেন । থাকার জায়গা পেয়ে জিপসি-বন্ধুরা খুব খুশি !
বাহ্ ! খুব ভাল !
হ্যাল্-ও-ও-ও ! শুনতে পাচ্ছি !
ওহ্ ! পাখিটা আমাকে পাগল করে মারবে !...যাক, ঘুমোবার সময় হয়ে গেছে ! রাত্তিরটা অন্তত এর হাত থেকে বাঁচা যাবে !
বুদ্ধুরাম !
সেই রাতে...
সুন্দরী লো সুন্দরী
আঁ-আঁ-আঁ !
!



ওরে বাবা রে !... উফ !...
কী, কী হয়েছে ?
ওখানে...ঘরের মধ্যে...জানলায়... একটা দৈত্য !
দৈত্য !
এখানে তো কিছু নেই সিনিওরা। কিচ্ছু না।
কিন্তু আমি দেখেছি, পরিষ্কার দেখেছি...দৈত্য... ভূত...ইশ্ কী সাঙ্ঘাতিক...বিকট কান্না...চোখ দুটো জ্বলছিল ঠিক হিরের...
এইরে ! আমার গয়না ! ইর্মা ! আমার গয়না ? !
গয়না ঠিক আছে, এই তো এখানে।
ভুতুম্-থুম্
ওই যে! আবার ডাকছে!
দৈত্যের ডাক ! শুনতে পাচ্ছ !
কিন্তু ওটা তো পাখির ডাক...বুড়ো প্যাঁচাটা ডাকছে !
ঠিক বলছ ? আর, ছাতের ওপর ওই পায়ের শব্দ ?
ছাতের ওপর ?
হ্যাঁ...হাঁটার শব্দ...কে যেন হাঁটছিল ...পরিষ্কার শুনেছি !
অসম্ভব সিনিওরা। ছাতে কেউ থাকে না, একটা শুধু ফাঁকা চিলেকোঠা...
কিন্তু আমি ভুল শুনিনি, পরিষ্কার...
শুধু-শুধু ভয় পাবেন না সিনিওরা...ঘুমোতে যান এবার। জানলাটা বরং বন্ধ করে দিন।
পরদিন সকালে...
সিনিওরা কাস্টাফিওরের জানলার নীচেটা দেখে আসি তো একবার—।
এই তো, এই জায়গাটা...
আরে, এ কী...



পায়ের ছাপ !...জানলার ঠিক নীচে !...উনি কি তা হলে ঠিকই বলেছেন ?
আইভিলতা ?
ননা, এ-গাছ শরীরের ভর সহ্য করতে পারবে না...বাচ্চা হলে অবশ্য...কিন্তু বেয়ে ওঠার চিহ্ন থাকবে তো তা হলে...নীচের পায়ের ছাপটা আবার বড় মানুষের...
...কিন্তু কার ? সমস্যা...বাড়ির কারও কি ?...কাল যে দুটো লোককে তাড়া করেছিলাম, তাদের কারও ?..যাযাবরের ?
কুট্টুস এদিকে, একটু ঘুরেফিরে দেখা যাক ।
ওদিকে কাদার ওপর পায়ের ছাপ থাকতে পারে । ওখানে ঘোড়াগুলোকে জল খাওয়াতে আনে ওরা ।
না, ওই পায়ের ছাপের সঙ্গে মিল নেই ।
ছলাত
?!
ভৌ ! ভৌ!
?
?
?
চলে আয় কুট্টুস । আমাদের রসিক বন্ধুটিকে এখন আর দেখা যাবে না...
চলে যাচ্ছে । হা ! হা ! ছোকরা দ্বিতীয় দফার জন্যে অপেক্ষা করল না । ওর খবরদারি সহ্য হয় না একদম ।
ওহ্ ! তা হলে ওই যাযাবরটাই পাথর ছুঁড়েছিল...কিন্তু কেন ?
আমাদের তো কোনও ব্যাপারে...চল্ কুট্টুস... বাড়ি চল্ ।
ডাক্তারের গাড়ি চলে যাচ্ছে : ক্যাপ্টেনের পা প্লাস্টার করার কথা । কিন্তু বাকি গাড়িটা...কার ওটা?



দেখা যাক ...
আরে, মিঃ ওয়াগ্‌ । হ্যালো !
আরে, এসো-এসো !
হ্যাল-ও-ও ! শুনতে পাচ্ছি !
এদিক দিয়ে যাচ্ছিলাম । আসলে রক বটম ইনস্যুরান্‌সের পক্ষ থেকে এক মক্কেল... । আমি আমাকে বললাম, "জলিয়ন, এদিকে এসেছ যখন পুরনো নাবিকের সঙ্গে দেখা করে যাও ।" তা এসে দেখি বেচারা সিঁড়ি থেকে পড়ে গিয়ে...
হঠাৎ কী চিৎকার ! যাই হোক, ঢুকে ভালই হয়েছে । বলতে পারো, ভগবান পাঠিয়েছেন । ভদ্রমহিলা ওঁর গত রাত্তিরের ঘটনার কথা বলছিলেন । কিন্তু শুনতে-শুনতে কী আবিষ্কার করলাম বলো তো ? অবাক হয়ে যাবে তুমি...
ওঁর দামি গয়নাপত্তরগুলোর বিমা পর্যন্ত করানো হয়নি ! কী সাঙ্ঘাতিক ব্যাপার বলো তো ?
গয়নার দাম আবার হাজার-হাজার টাকা...ওঁর কাছে মহামূল্যবান একটা পান্নাও আছে...পূর্বদেশের একজন দিয়েছে...কে এক মাজুরি না...
মহারাজা...গোপালের মহারাজা !
হ্যাঁ-হ্যাঁ, ঠিকই । তবে ছোট্ট ওই জিনিসটার বিরাট দাম...এবার বলুন, একটা গানের বিনিময়ে কী পান ? ভাববেন না আমি সঙ্গীতের বিরুদ্ধে... তবে সত্যি কথা বলতে কী, ওর চাইতে আমার কাছে...
একটা গয়নারও বিমা নেই । তা, আমি বললাম কি, "আপনার গয়নাগাটির একটা লিস্টি ফেলে দিন, জলিয়ন ওয়াগ্‌ সবকিছুরই বিমা করিয়ে দেবে চটপট !"
একটু ভেবে দেখার সময় দিন মিস্টার ব্যাগ ।
ননা, আর ভাববেন না...আমি পলিসি নিয়ে দু-এক দিনের মধ্যেই হাজির হচ্ছি । বিদায় দিন । আপনার সঙ্গে আলাপ করে কী যে ভাল লাগল !
...লর্ড নেলসন, আপনার জায়গায় আমি থাকলে কিন্তু ওই ভাঙা সিঁড়িটা সারিয়ে নিতাম ।
মিস্ত্রির জন্যে অপেক্ষা করছি এখন ।
ডং ডং ডং
ওই এল বোধহয় ।
এটা কি হ্যালিবুটের বাড়ি ?
না, হ্যাডকের । কেন ?
REMOVALS
BOUNCE BROS


আমরা পিয়ানোটা এনেছি ।
পিয়ানো ?
পিয়ানো ? ?
পিয়ানো ? ? ?
হ্যাঁ-হ্যাঁ, পিয়ানো !···ওটা আমার । মিঃ ওয়াগ্‌নারের সঙ্গে রেওয়াজ করব বলে পিয়ানোটা ভাড়া করেছি । আশা করি কিছু মনে করবেন না···
ননা, বরং আমার খুব ভাল লাগছে।
ইশ্ ! আপনি কী ভাল !···পিয়ানোটা এই ঘরেই রাখা যেতে পারে । বাজনা শুনে ভাল লাগবে আপনার ।
অ্যাঁ···হ্যাঁ···কিন্তু গ্যালারিটা আপনার পক্ষে ভাল হত !
তাই নাকি ! মিঃ ওয়াগ্‌নার, জায়গাটা একবার দেখবেন ?
দেখছি সিনিওরা ।
যাচ্ছেতাই ব্যাপার, কানের কাছে ষাঁড়ের চিৎকার চলবে !
পিয়ানোটা কি আপনার ?
আমাদের !
মাফ করবেন, আপনার জুতোর ফিতেটা খুলে গেছে!
আরে তাই তো !
!
রিরিরিংরিরিরিং
জাহান্নামে যাক পাখিটা
রিরিরিং
হ্যালো, হ্যাঁ···কথা বলছি··· 'প্যারিস-ফ্ল্যাশ ইন্টারন্যাশ-নাল' ? অ্যাঁ, কী বললেন ? ···কী ?···সাক্ষাৎকার ?···শুনে খুব ভাল লাগছে···আনন্দের সঙ্গে···
শুনতে পাচ্ছি !
অ্যাঁ ! সিনিওরা ক্যাস্টাফি-ওরের সঙ্গে সাক্ষাৎকার !··· আমি···আসলে···খুবই দুঃখিত, সিনিওরা বলতে বলেছেন যে···
দাঁড়ান···প্যারিস-ফ্ল্যাশ ? হ্যাল-ও-ও ! শুনতে পাচ্ছি !
?
হ্যাঁ-হ্যাঁ আমিই···কী আশ্চর্য, আমিই তো···সাক্ষাৎকার ? অবশ্যই···আনন্দের সঙ্গে । যখন আপনার সুবিধে হবে। কাল···অপেক্ষা করব ।
পায়ের ছাপ···পিয়ানোবাদকের ···ভারী আশ্চর্য তো···


সাংবাদিকরা ! মরলেও এদের হাত থেকে রেহাই পাওয়া যায় না···তবে উপায় তো নেই···একেই বলে খ্যাতির বিড়ম্বনা !
আপনিই তো বলেছিলেন সাক্ষাৎকার দেবেন না···
তা ঠিক, কিন্তু 'প্যারিস-ফ্ল্যাশ'-এর কথাই আলাদা । এটা 'টেম্পো দি রোমার' মতো বিচ্ছিরি কাগজ নয় । শিল্পীদের সম্পর্কে শ্রদ্ধাবোধ নেই···সেই জন্য ওদের কাছেই আসতে দিই না ।
যাই ওয়াগ্‌নারের সঙ্গে বাজাতে হবে··· বাই-বাই···মিষ্টি পাখিটাকে আপনার পাশে রেখে যাই,কেমন ?
হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা
ওরে কোকিল, থাম এবার !
রিরিরিংরিরিরিং রিরিরিং
হ্যালো ? হ্যালো ?
শুনতে পাচ্ছি !···
না মাদাম, আমি কাটস-কশাই নই । এটা রং নাম্বার ।
রিরিরিং রিরিরিং
ওরে তোর চেল্লামেল্লি থামাবি এবার !
শুনতে পাচ্ছি !
হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা
আপনার কথাও কানে ঢুকছে আমার । এ-ভাবে অসভ্যের মতো কথা বলার সাহস পান কোত্থেকে ! হাঁদারাম কোথাকার !
আরে শুনুন-শুনুন···আপনাকে নয়, পাখিটাকে বলছিলাম ! হ্যালো ? হ্যালো ?
তোর মাথায় বাজ ভেঙে পড়ুক ! একেবারে শেষ করে দিতে ইচ্ছে হচ্ছে ···
কটাশ
হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা হা
পাখিটাকে জলে ডোবাও ! গলা টিপে মারো···না হলে আমি কিন্তু খেপে যাব !
টিনটিন,ভগবানের দিব্যি, আমার জন্যে কিছু-একটা করো । একটা অন্তত ইনভ্যালিড চেয়ার এনে দাও । বাইরে একটু ঘোরাঘুরি করতে পারব । না হলে আমি ঠিক পাগল হয়ে যাব !
দেখছি !
কপাল খারাপ ! গানের চর্চা চলছে । অপেক্ষা করতে হবে ।



পরদিন সকালে···
হ্যাঁ, বুঝতে পারছি···কিন্তু উপায় ছিল না। কবরের একটা ফলক তৈরি করতে হল: জরুরি কাজ। অ্যাঁ? আপনারটাও জরুরি : হ্যাঁ, জানি···কাল সকালে প্রথমেই আপনার ওখানে ····হ্যাঁ, যাবই !
কাল সকালে না এলে অন্য কারও খোঁজ করতে হবে···
ক্যাপ্টেন ! ক্যাপ্টেন !
?
এই নিন আপনার নতুন রেসিং কার।
?
♪হা ♪হা ♪হা ♪
আহ্ ! বন্দিদশা ঘুচেছে !
ভৌ!ভৌ!
♪হা ♪হা ♪হা ♪হা ♪হা ♪হা
চমৎকার···অধ্যাপক দেখছি গোলাপচর্চা করছেন···
ইতিমধ্যে
ওহ্, প্যারিস-ফ্ল্যাশ ! আসুন-আসুন। সিনিওরাকে খবর দিচ্ছি।
এই যে অধ্যাপক, সকালেই কাজে নেমে পড়েছেন ?
ঠিক আছে, ধন্যবাদ। আর আপনি ? পা কেমন ?
খুব একটা খারাপ নয় !···যাকগে, পা ভাঙেনি, বাঁচোয়া···ভাঙলে কেলেঙ্কারি হত !
ঠাণ্ডা ? ছায়ায় লাগতে পারে, রোদ্দুর তো বেশ চড়া !
বিরাট খবর ক্যাপ্টেন—কিন্তু কথাটা যেন আমাদের মধ্যেই থাকে—আমি সম্পূর্ণ নতুন জাতের একটা গোলাপ বানিয়েছি !
বাহ্ ! চমৎকার !···এ তো রকেট বানাবার চাইতেও বড় খবর···
না-না, সাদা ! ধপধপে সাদা ! মুক্তোর মতো, ঝকমকে ! আকারও নিখুঁত ! আর কী গন্ধ—অসাধারণ !
ভাল খবর অধ্যাপক, অভিনন্দন !
উঃ !
?
নাম ? আহ্ ! ভাবতেই পারবেন না আপনি···


কে ? কে আওয়াজ করল ?
একটা মতলব এসেছে—একে অনুপ্রেরণাও বলতে পারি ।
কে, কে ওখানে ! দাঁড়াও !
গাধা কোথাকার ! তুই কি বোলতার চাকে পা রেখেছিলি ?
যা বলছিলাম, আমার বানানো গোলাপটার রং সাদা । এবার বলুন, সাদাকে ইতালীয়তে কী বলে ?
বিয়াংকা...অবশ্যই বিয়াংকা ! বুঝতে পারছেন ?
বিয়াংকা ! বিয়াংকা ! কিন্তু ওই বাঁদর গুলো কারা, খরগোশের মতো উঁকি মারছিল ? ব্যাপারটা দেখতে হচ্ছে !
হ্যাঁ, বিয়াংকা, আমাদের উজ্জ্বল অতিথির মতো । গোলাপের নাম দেব 'বিয়াংকা ক্যাস্টাফিওর' । দারুণ হবে না ! কী মনে হয় আপনার ?
জানোয়ার কোথাকার ওদের মতলব খারাপ ছিল নিশ্চয়ই !
পৃথিবীর কেউ যেন না জানে এখন...এ-নিয়ে একটাও কথা নয়...মস্ত চমক দেব সবাইকে ।
কী ?...কোনটা ?...চমক ?...কার জন্যে ?
ওই কথাই থাকল, ঠিক তো ?...আপনাকে বিশ্বাস করেছি...এটা শুধু আমাদের মধ্যে থাকবে ।
বাগানে উটকো লোক... ব্যাপারটা কী ?
আরে, কে বসে আছে ওখানে ? ও আচ্ছা...
ইর্মাআআআ !
?
ইর্মাআআআ !
যাই দিদি !
তুমি কোথায় ইর্মা ?
এই তো এখানে আসছি ।
লুকিয়ে পড়ো !
ক্যাপ্টেন হ্যামক্‌কে দেখেছ ? ওকে এক্ষুনি দরকার ।
!


ওঁকে দেখতে পেলে বোলো 'প্যারিস-ফ্ল্যাশ' -এর এই ভদ্রলোকরা আমার সাক্ষাৎকার নিয়ে নিয়েছেন, এখন ওঁর সঙ্গে দেখা করতে চান ।
ঠিক আছে মাদাম ।
সর্বনাশ ! এই দিকেই আসছে । আমার অবস্থা ঠিক ফাঁদে-পড়া ইঁদুরের মতো ।
উনি না একজন অভিজ্ঞ নাবিক । হঠাৎ মনে হবে রসকষহীন, কিন্তু আসলে...
...বাইরের চেহারা একটু কেঠো গোছের, কিন্তু ওঁর মনটা শিশুর মতো
এই তো এখানে, বেচারা ঠাণ্ডার মধ্যেই ঘুমিয়ে পড়েছে !
ঘররর... ঘররর...
ক্যাপ্টেন প্যাডক ! দুষ্টু কোথাকার ! গাছের নীচে ঘুম ! বিচ্ছিরি রকমের ঠাণ্ডা লেগে যাবে যে ।
অ্যাঁ ?...ঘুমিয়ে পড়েছিলাম ।
শুনুন, আপনার কোট নিয়ে এসেছি । কী ঠাণ্ডা এখানে...দেখি-দেখি !
কিন্তু আমার তো শীত লাগছে না !
আরও একটা ব্যাপারে বকব...এই বয়েসে কি শুধু একটা জার্সিতে শীত মানায় !
কিন্তু...
এটা ঠিক আপনার চুলের মতো !... চুল ঠিকঠাক আঁচড়ে স্কুলের দুষ্টু ছেলে-মার্কা চেহারাটা কবে পালটাবেন বলুন তো ?
কিন্তু...
প্যারিস-ফ্ল্যাশ'-এর ক্রিস্টোফার উইলোবি-দ্রুপে এবং মার্কো রিজোতোর সঙ্গে আলাপ করিয়ে দিই।
হ্যালো !
সুপ্রভাত !
ঠিক আছে ভদ্রমহোদয়গণ, অনেক কথাবার্তা হল ; এখন আপনারা বাগানটা একটু ঘুরে দেখুন । ক্যাপ্টেন হ্যাসক আর আমি লাঞ্চে দেখা করব আপনাদের সঙ্গে ।
চলুন, এবার আমরা একটু গল্প করি ।
কী হে, কী বুঝলে তুমি ?
তুমি যা ভেবেছ, ঠিক তাই ! জব্বর খবর...কিন্তু নিশ্চিত হওয়া দরকার...


সত্যি হোক আর মিথ্যে হোক মার্কো, লোকে কিন্তু খাবে !
আমি প্রচ্ছদটা দেখতে পাচ্ছি পরিষ্কার !
একজন মালি, চলো ওর কাছ থেকে কিছু জানা যায় কি না দেখি ।
চলো !
আরে···মালি নয়···অধ্যাপক ক্যালকুলাস, ইনিই তো টিনটিনের সঙ্গে চাঁদে গিয়েছিলেন । ব্যাপারটা এঁর হয়তো জানা আছে ।
চলো জিজ্ঞেস করি !
সুপ্রভাত অধ্যাপক । আমাদের পরিচয়টা দিই : আমরা হলাম প্যারিস-ফ্ল্যাশ-এর উইলোবি-দ্রুপে আর মার্কো রিজোতো । এই আমাদের কার্ড ।
ইয়ার্ড থেকে ?
সাংবাদিক !···আচ্ছা ! ক্যাপ্টেন খবরটা কাউকে বলেছে, তারপর আমার নতুন গোলাপের খবর পৌঁছে গেছে খবরের কাগজে ।
লা ক্যাস্টাফিওর আর ক্যাপ্টেন হ্যাডককে নিয়ে একটা খবর ছড়িয়েছে···এটা অবশ্য নিছক ব্যক্তিগত কৌতূহল অধ্যাপক···ওঁরা নাকি বিয়ে করছেন ? সত্যি ?
খবরটা ক্যাপ্টেন জানিয়েছেন, তাই না ?
মানে···হ্যাঁ, না···আসলে আমরা সাংবাদিক তো···বুঝতেই পারছেন···তা খবরটা সত্যি তো ?
অবাক কাণ্ড ! উনি বলেছিলেন এখন কাউকে জানাবেন না ! এটা তো একটা চমক হিসেবে···
বুঝতে পারছি···আচ্ছা, কবে এটা হবে ?
পুরোটাই নির্ভর করছে আবহাওয়ার ওপর· তবে যে কোনও দিনই হতে পারে ।
বাহ্ ! তা হলে তাড়াতাড়িই ! কিন্তু···এটা ঠিক হয়েছে কবে ? এ-বিষয়ে কিছু জানাতে পারেন আপনি···যেমন, কবে ওঁদের প্রথম দেখা হয়েছিল ?
ঠিক ভাবে বলতে গেলে ··ঠিক দু-বছর আগে···
···চেলসি ফ্লাওয়ার শো-তে । শ্‌শ্‌ ! উনি আসছেন···সিনিয়রা, সঙ্গে ক্যাপ্টেন । এ-নিয়ে আর একটা কথাও নয় !
ঠিক আছে !
মম্···অধ্যাপক বলছিলেন···মম্···ওঁর গোলাপের কথা । কী চমৎকার সব !
দারুণ ! ক্যাপ্টেনকে এই কথাটাই বলছিলাম এখন ।
ইতিমধ্যে···
পেয়েছেন ? স্প্যাগারপ্লাস··· ওরিয়ানা···সেমি···


ঠিক আছে···ঠিক তাই···ন্না, আমিই ফোন করব···ঠিক আছে···কাল পর্যন্ত !
আহ্ ! ফুল যে কী ভাল লাগে ! ওরা কত নিয়ে আসে, ফুলে আমার কোনও ক্লান্তি নেই !
অনুগ্রহ করে এই 'ক্রিমসন গ্লোরি'টা নিন··· আসলে আরও ভাল-কিছু না হওয়া পর্যন্ত ···হা ! হা !
ওহ্ ! অধ্যাপক !
ম্মম্ম্ ! কী মিষ্টি গন্ধ !
শুঁকে দেখুন ক্যাপ্টেন !··· সুগন্ধ টেনে নিন, দারুণ না ?
ইআও !
উরিব্বাস ! মৌমাছি কামড়েছে !
ইশ্ বেচারা ! কী করে যে এটা হল ? সাঙ্ঘাতিক কাণ্ড ! আমি তো দারুণ ভয় পেয়ে গিয়েছিলাম । দাঁড়ান আমি দেখছি । প্রথমে হুলটা তুলে ফেলতে হবে···এই তো ! গোলাপের পাঁপড়ি থেঁতলে লাগিয়ে দিচ্ছি ।
বাহ্ ! একটু আরাম লাগছে না এখন
বন্ধুরা, এখনকার মতো বিদায় । পোশাক পালটে লাঞ্চে আসছি আমি···
ট্রালা লাআআ
ক্যাপ্টেন ম্যাগটকে খুঁজছ, তাই না ? ওঁকে গোলাপ-বাগানে পাবে । বেচারার নাকে মৌমাছি কামড়েছে !
ওহ্ !
মৌমাছির কামড়···বেচারা ক্যাপ্টেন ; নিশ্চয়ই খুব কষ্ট পাচ্ছেন !
ই-ই-ইক্ ! আমার নেকলেস



ইর্মা-আ-আ ইর্মা-আ-আ!
যাই মাদাম
ওহ্ তুমি ! কী বিচ্ছিরি ব্যাপার··· আমার নেকলেসটা ছিঁড়ে গেছে
ঘাবড়াবেন না সিনিওরা, আমি সব পাথর কুড়িয়ে দিচ্ছি ।
এতক্ষণে হাজির হলে ! কয়েক ঘন্টা ধরে চেঁচিয়ে যাচ্ছি । এসে মুক্তো কুড়িয়ে দেওয়া উচিত ছিল!
আমার ছোট্ট বন্ধু, তোমার কাছে আমি কৃতজ্ঞ । নেকলেসটা কিন্তু খুব একটা দামি নয়···ঝুটো মুক্তো । এটা পেয়েছি ট্রিস্টান বিয়রের কাছ থেকে । যে যাই বলুক,বিয়র কিন্তু বিয়রই !
হ্যাঁ, মানে··· ঠিকই !
ক্যাপ্টেনের নাকের অবস্থা কেমন, দেখা যাক এবার !
ক্যাপ্টেন, ভাববেন না আপনার ওপরে চটে গিয়েছি ; আমার গোলাপের কথা ওদের বলেছেন কেন ?
আপনার গোলাপ ?
আপনার গোলাপ ! গোলাপ নিয়ে বকাবকানি থামাবেন এবার ! যত্ত সব ! আমার মুখে ওটা চেপে না ধরলে আমার নাক এমন পেল্লায় চেহারার স্ট্রবেরির মতো হয়ে উঠত না !
ন্না, সাদা !
আচ্ছা মাদাম, আপনি এমব্রয়ডারির কাঁচিটা দেখেছেন···জানেন তো ওটা সোনার তৈরি···
ওটা কি আমার দেখার কথা ? তোমার জিনিসপত্রে নজর রাখা আমার কাজের মধ্যে পড়ে না ।
ন্না, আমি ও কথা বলতে চাইনি মাদাম···তবে অবাক কাণ্ড ! আগের বার আপনি আমাকে ডাকার সময় ওটা ছিল, কিন্তু ফিরে গিয়ে আর পাইনি !
পেয়ে যাবে ঠিক···এখানে আবার কাঁচি চুরি করতে যাবে কে ?
তা ঠিক, মাদাম !
ইতিমধ্যে···
সোনার তৈরি ছোট্ট কাঁচি···দেখতে দারুণ না মাইককাকু?
হ্যাঁ, দারুণ !



তিন দিন বাদে···
হ্যালো, মিস্টার বোল্ট্ ?···ওহ্ ! আপনি মিসেস বোল্ট···
হ্যাঁ···আচ্ছা, হল থেকে বলছেন···অ্যাঁ··· না, উনি তো সকালে উঠেই বেরিয়ে গেছেন···প্রথম কাজ···অ্যাঁ···আপনার কাছে যাবেন বলেছেন···আমি ঠিক জানি না···এলে বলব··· অবশ্যই বলব সার···
কাল না এলে আর কাউকে ডাকব···
রিরিরিং
?
হ্যালো, আমাদের পুরনো জাহাজি নাকি ?···জলিয়ন বলছি···অভিনন্দন !···মহা চালু, পুরনো বন্ধুকে বোকা বানিয়ে দিলে !···
বোকা বানিয়েছি? আমি? ···কিচ্ছু বুঝতে পারছি না ···কী বলতে চাইছ তুমি ?
হা ! হা ! হা ! এখনও চালাকি ···ঠিক আছে···ভেবে যাও এখন। আসলে আমি তোমাকে সবার আগে অভিনন্দন জানাতে চেয়েছিলাম !
কিন্তু···
তোমার ক্যাস্টাফিওরকে বিমার ব্যাপারে এখন কিছু করতে বারণ কোরো···আমাকে একটু বাইরে যেতে হচ্ছে, তবে আমি ভুলিনি ···ফিরে এসেই···ঠিক আছে বুড়ো ঘোড়া··· ছাড়ছি···আর একবার অভিনন্দন ! ক্লিক
আমি···
অভিনন্দন !···কী আবোল তাবোল বকে গেল···
যাকগে, গুলি মারো ! এবার একটু নিশ্চিন্তে পাইপ টানতে-টানতে কাগজটাগজ পড়া যাক ।
ডং
কে এল আবার ?
আপনার একটা টেলিগ্রাম, সার ।
টেলিগ্রাম ?
?
যত্ত সব ঝুটঝামেলা ! ব্যাপারটা কী ?



পড়ে দ্যাখো তো মাথামুণ্ডু কিছু বোঝা যায় কি না। বোকা ওয়াগ্‌টা আবার একটু আগেই ফোন করে অভিনন্দন জানিয়েছে !
ওহ্‌ ?
আন্তরিক অভিনন্দন। ক্যাপ্টেন চেস্টার...
কোনও মাথামুণ্ডু নেই। কিছু বুঝলে ?
কী ?
BROL
আন্তর্জাতিক প্যারিস ফ্ল্যাশ
জোর খবর !
মিলানের
কোকিলকণ্ঠী
বিয়াংকা ক্যাস্টাফিওর
প্রবীণ নাবিককে বিয়ে করছেন
বিশ্ববিখ্যাত চেলসি পুষ্প-প্রদশনীতে বিয়াংকা ক্যাস্টাফিওরের সঙ্গে পরিচয় হয় তাঁর ভাবী স্বামীর। ভদ্রলোক একজন অবসরপ্রাপ্ত অ্যাডমিরাল। নাম, হ্যামক। আমাদের সাংবাদিকরা মার্লিনস্পাইক হলে গিয়েছিলেন এই দুই সুখী মানুষের অন্তরঙ্গ জীবনের নানা ছবি তুলে আনতে।
ভালবাসা মোর লাল, লাল গোলাপেরই মতো...
গায়িকার দেওয়া টিয়াপাখির কাছে ভদ্রলোক তাঁর মনের কথা জানান।
...নিঃসঙ্গতা দূর হয়েছে। গায়িকা 'ফাউস্ট' থেকে বিখ্যাত 'জুয়েল সং' গেয়ে যাচ্ছেন, ভদ্রলোক শুনে যাচ্ছেন মুগ্ধ হয়ে... !!???!!
ঝড়-ঝঞ্ঝাট কোথাকার ! যা খুশি তাই লিখেছে ! ব্যাটাদের একবার পেলে হয় !
হ্যাল্‌-ও-ও ! শুনতে পাচ্ছি !
ক্রাও !


সুপ্রভাত টিনটিন ! সুপ্রভাত ক্যাপ্টেন বুটব্ল্যাক !
! ?
প্যারিস-ফ্ল্যাশ-এ আমাকে নিয়ে চমৎকার প্রবন্ধটা দেখেছেন ?
হ্যাঁ, দেখেছি ম্যাডাম ! আপনি চমৎকার বলছেন ? ...আমাদের বিয়ের ঘোষণা !
হ্যাঁ, হ্যাঁ, অসাধারণ, তাই না ?
ওটা কিছু নয় । খবরের কাগজগুলো এর আগে আমার সঙ্গে গোপালের মহারাজা, ব্যারন হ্যাম্‌সজুত, সিলডাভিয়ার লর্ড চেম্বারলেন, কর্নেল স্পন্‌জ, মার্কুইজ ডি গরগনজোলা এবং আরও কত লোকের বিয়ে দিয়েছে । আর গায়ে মাখি না···
কিন্তু আমি মাখি, ম্যাডাম, আর আমি···
রিংংংং
হ্যাল্‌-ও-ও
জনসন আর রনসন বলছি··· আমাদের অ-অ-অভিনন্দন, ক্যাপ্টেন ! আমরা এক্ষুনি 'প্যারিস-ফ্ল্যাশ' দেখলাম ।
কেরে কেটা কেরে কেটা কটাকট···ঘ্যাচাং !
যত্তসব বেল্লিকের দল !
অদ্ভুত তো ! আমার গোলাপ নিয়ে একটা কথাও নেই !
তবে···তবে···আরে, কী আশ্চর্য ! কী আশ্চর্য কাণ্ড !
প্রিয় বন্ধু !···আমার অনেক দিনের পুরনো বন্ধু ! আন্তরিক অভিনন্দন । খবরটা শুনে কী আনন্দ যে হচ্ছে ! আমাকে আগে বলেননি কেন ?
কয়েকটা টেলিগ্রাম, সার । আর অনুমতি পেলে আমার সশ্রদ্ধ অভিনন্দন জানাই, সার ।
শুভেচ্ছা, কসাই কাটস···অভিনন্দন, শ্রী এবং শ্রীমতী বোল্ট···আন্তরিক অভিনন্দন, ডক্টর প্যাটেলা···আমার সহর্ষ শুভেচ্ছা, অলিভিরা ডা দিগুইরা···


রিইইইং
হ্যালো…হ্যাঁ…হ্যাঁ… সুপাভিশন…দয়া করে একটু ধরুন…
একটা টেলিভিশন কম্পানি, …ওরা চায়…
এবার টেলিভিশন !!
না না ! আমাকে একা থাকতে দাও ! আমি ক্যামেরার সামনে সিল মাছের মতো খেলা দেখাতে রাজি নই !
কিন্তু সার…
কোনও কিন্তু নয়… রিপোর্টার ঢের হয়েছে…ওদের বলে দাও আমি বাড়ি নেই !
কিন্তু সার, ওরা সিনিওরা ক্যাস্টাফিওরের সঙ্গে কথা বলতে চায় ।
আমার সঙ্গে ? সে-কথা আগে বলোনি কেন ?
হ্যালো…হ্যাঁ, শুনতে পাচ্ছি । সুপাভিশন ! হ্যাঁ…খুশি হব,কখন ? চমৎকার…হ্যাঁ কাল আপনাদের অপেক্ষায় থাকব !
ওরা বড় বিরক্ত করে ! কিন্তু কী করা যাবে ? কাল বিকেলে ওরা আসবে ।
নিশ্চয় এখান থেকে কেউ রিপোর্টারদের খবর দিয়েছে । কে খবর দিল ?
MARLINSPIKE PRIZE BAND
বাহ্, কী চমৎকার ! প্রভাত-বন্দনা !



মাননীয়া মহাশয়া, ক্যাপ্টেন মহোদয়…
শ্ শ্ শ্
কিন্তু…
এই পরম আনন্দের ঘটনা উপলক্ষে মার্লিন স্পাইক প্রাইজ ব্যান্ড সমর্থকদের পক্ষ থেকে যথাবিহিত সম্মানের সহিত আপনাদের প্রতি আমাদের সকল সদস্যের সশ্রদ্ধ অভিনন্দন জ্ঞাপন করছি। যে-ঘটনা…
…প্রতিটি কণ্ঠে আলো এনেছে, প্রতিটি চক্ষু রুদ্ধ করেছে…
ওদের শ্যাম্পেন দিতেই হবে…
ক্-কী ?…শ্যাম্পেন ? কক্ষনও না !
কয়েক পাত্র পানের পরে…
পরের দিন বিকেলে…
দেরি হল বলে মাফ চাইছি, সিনিওরা। পথে যান-জটে পড়ে গিয়েছিলাম। তারপরে রাস্তা খুঁজতে সময় গেল। অবশেষে গাড়ি বিগড়োল !
তাই নাকি ? চমৎকার তো !
যত্তসব ঝঞ্ঝাবাত ! এটা পুরোদস্তুর আক্রমণ !
ওহ্, দুঃখিত !
টেলিভিশনের লোক ! জিনো, এটাই শেষ সুযোগ ! তুমি ভিতরে ঢুকে ওদের দলে মিশে কাজ শুরু করো !
আমি রাস্তার মোড়ে গাড়িতে বসে থাকছি…ঠিক আছে !
ঠিক আছে। সরঞ্জাম নিয়ে আমি সুযোগ খুঁজি…


যাক বাবা, ভিতরে তো ঢুকেছি !
ওই ফ্লাড-নাইট সিলিং পর্যন্ত যাবে ।
আমি বরং বুঝিয়ে দিচ্ছি...এটা টেলিরেকর্ডিং এবং সেই সঙ্গে ছবিও তুলছি
বুঝেছি...বসলে বোধহয় আর একটু স্বচ্ছন্দে কথা বলা যেত...
ঠিক বলেছেন...আমি প্রথম দৃশ্যে এসে দু-চার কথায় আপনার পরিচয় দেব । তারপর আমি প্রথম প্রশ্ন করলে আপনি ক্যামেরায় আসবেন । এর পরে আমার কথা শুনবেন যখন 'শেষ' বলব ।
বাঃ !
এই দৃশ্যের পরে আমি জিজ্ঞেস করব আপনি অনুগ্রহ করে গান শোনাবেন কি না...দর্শকদের জন্য বিশেষ কোনও গান...
স্বাভাবিক, সানন্দে ।
ধন্যবাদ । দ্বিতীয় দৃশ্যে আপনি পিয়ানোর দিকে এগিয়ে যাবেন, সেখানে আপনার সহযোগী থাকবেন, আপনি গাইবেন...কী গাইবেন, সিনিওরা?
আচ্ছা 'ফাউস্ট' থেকে জুয়েল সঙ গাইলে কেমন হয় ?
চমৎকার...এরপরে কয়েকটি কথায় ধন্যবাদ দিয়ে সাক্ষাৎকার শেষ করব ।
শুধু এই !
অ্যান্ডি, আমরা তৈরি...তুমি ?
সব ঠিক ? শুধু স্বরটা পরীক্ষা করব, তা হলেই হয়ে যায় ।
জিম, মাইকটা নাও । ওটা ছবিতে আছে...
আমার কথা ভুলে যান । এটা শুধু একটা লাইটমিটার
চমৎকার...সব ঠিক আছে ? চুপ...শব্দ চালু
ক্যামেরা চালু
দর্শকবৃন্দ, নমস্কার । আজ একটি বিশেষ অনুষ্ঠান উপহার দেব । আপনাদের বিখ্যাত গায়িকা বিয়াংকা ক্যাস্টাফিওরের কাছে নিয়ে যাচ্ছি...
এখন পর্যন্ত সব নিখুঁত ভাবে চলছে !


শব্দ ঠিক আছে!
বাঃ ! সিনিওরা, এবার আপনাকে কিছু বলতে হবে !
অ্যাঁ···এখন আমার পালা ? ···কিছু বলতে হবে ? ···আমি···মানে···আমি খু-উ-ব খুশি···মানে ঠিক বোঝাতে পারছি না·· আঃ হা ! হা !
শব্দ ঠিক আসছে !
ঠিক আছে ! তৈরি থাকো ! এবার সব চুপ
শব্দ চালু !
ক্যামেরা চালু !
শুরু করো !
CLACK
নমস্কার, দর্শকবৃন্দ ! আজকের সন্ধ্যাটি বিশেষ ভাবে স্মরণীয়। এখন আমরা আপনাদের বিখ্যাত গায়িকা “মিলানের নাইটিংগেল” বিয়াংকা ক্যাস্টাফিওরের কাছে নিয়ে যাচ্ছি···
সিনিওরা···আপনার মার্লিনস্পাইকে আসবার কারণ জিজ্ঞাসা করাটা কি অশোভন হবে ?
···এর আগে ওয়েস্ট ইণ্ডিজ সফরে (প্রসঙ্গত বলে রাখি, সেখানে দারুণ হইচই) ক্লান্ত হয়ে পড়েছিলাম । আমি জানতাম ক্যাপ্টেন বালজাক···
?
আর তাঁর বন্ধুরা আমাকে সাদরে গ্রহণ করবেন, তাই বিনা দ্বিধায় এখানে চলে এলাম···
সে কী ! তোমরা টেলিভিশন বসিয়েছ ··· তিন-তিনটে সেট ! ···আর আমাকে সে-কথা একবারও বলোনি ? ! !
শশশ
আরে !···এ তো সিনিওরা কাস্টাফিওর ! হ্যাঁ···হ্যাঁ···ঠিক তাই ! আশ্চর্য ! ওঁকে খবরটা এক্ষুনি দেওয়া দরকার !
ওঁর এটা দেখা দরকার । হ্যাঁ, ওঁকে এটা দেখতেই হবে !
প্রোফেসর ! প্রোফেসর !! ওখানে যাবেন না ! শুটিং চলছে ।
ই-ই-ক !


কী আশ্চর্য ! এইসব লুকোচুরির মানে কী ?
...একটা বিয়ে ঠিক হল, আর খবরটা জানলাম সবার শেষে ! টেলিভিশন বসালে, কিন্তু আমাকে বললে না ! ফিল্মের শুটিং হচ্ছে আমাকে কেউ জানাল না ! ষড়যন্ত্র ! সবাই মিলে ষড়যন্ত্র করছে, কিছু জানাবে না !
... বেচারা সিনিওরা কাস্টাফিওরকে টেলিভিশনে দেখা যাচ্ছে, তাঁকে কেউ খবর দিচ্ছে না !... কী অন্যায় !
প্রোফেসর, আমার সঙ্গে আসুন ! ভুল বুঝেছেন
প্রোফেসর, ব্যাপারটা বুঝিয়ে বলছি...
ব্যথাটা ?!...আমার? কক্ষনো না, কিন্তু...
আমরা আগের প্রশ্ন থেকে শুরু করছি...সবাই তৈরি !
সিনিওরা,আপনার কি কোনও পরিকল্পনা আছে ?
হ্যাঁ, আমেরিকায় অনেকগুলি গানের অনুষ্ঠান হবে । ওখানে দু'মাস থাকব । আমার গানের জন্য সবাই পাগল হয়ে গেছে ।
বেচারা আমেরিকানরা ! ওরা এমন কী পাপ করেছে যে এমন শাস্তি পাবে ?
তারপরে যাব দক্ষিণ আমেরিকার রাজধানীগুলি জয় করতে...
এবং সেই সঙ্গে তাদের সর্বনাশ করতেও বটে !
সিনিওরা...এবার চলুন সফরে, সফর না বলে বিজয়-অভিযান বলাই বোধহয় ঠিক, আপনি কী কী গান গাইবেন ?
চমৎকার বলেছেন ! ...হ্যাঁ, যেমন গেয়ে থাকি, রোসিনি, পুচিনি, ভার্দি, গুনি...না... ছি...ছি... গুনো !
ওহ, গুনো ? গুনোর রচনাই তো আপনাকে সাফল্য এনে দিয়েছিল, বিখ্যাত করেছিল,তাই না ?
হ্যাঁ, ফাউস্ট-এর জুয়েল সং আমাকে খ্যাতির শিখরে পৌঁছে দিয়েছিল লোকে বলে আমি স্বর্গীয়...
সিনিওরা, দয়া করে যদি সেই বিখ্যাত গানটি শোনান, আমাদের দর্শকরা ধন্য হবেন...
নিশ্চয় !
ভয়ঙ্কর বিপদ ! ...আশ্রয় খোঁজো ! উনি গান গাইবেন !
হ্যাল-লো... ! সব শুনতে পাচ্ছি !


এসো, ঝটপট সারতে হবে। দেরি হয়ে যাচ্ছে !
ক্যামেরা চালু!
শুরু করো
আ আ আহ্ ! সুন্দরী লো...
...তোমার রূপের তুলনা কোথায়
আ আ আ ! সুন্দরী লো...
ঢুকে যা !
তোমার কথা শুনতে পাচ্ছি !
পাষণ্ড ! কার এত দুঃসাহস ?
কাট্ !
ছোট্ট সোনা ! ...ইয়াগো খাঁচা থেকে পালিয়েছে !
সত্যি, পাখিদের কী বুদ্ধি! ওদের মতো কলারসিক হয় না ! ইয়াগো-সোনাকে দেখুন, আমার গান শুনে ছুট্টে চলে এসেছে ! ...কিন্তু লক্ষ্মীটি, চলো তোমাকে রেখে আসি ! মাফ করবেন, আমি এক্ষুনি আসছি !
এই যে ক্যাপ্টেন বেডসক, মজা দেখুন, আমার গান শুনতে ইয়াগো নিজেই খাঁচার দরজা খুলে বেরিয়ে এসেছে !
হুমম্ ! ...তাজ্জব !
এদিকে...
এবার যত তাড়াতাড়ি পারো সবাই তৈরি ? কোনও শব্দ নয় !
বলো, মোরে বলো, আমি কি কখনও মার্গা...
...রিটা... ? !
যাচ্চলে ! অন্ধকার !
শুধু এটাই বাকি ছিল !
মনে হয় ফিউজ গেছে...
কারও কাছে দেশলাই আছে ?
বাঁচাও !
সর্বনাশ ! আমার গয়না !
সাবধান, তার সামনে !


ইরমা-আ-আ ! আমার গয়না ! শিগ্‌গির উপরে যাও !
যাচ্ছি, মাদাম !
কুট্টুস, নইলে কেউ তোকে মাড়িয়ে দেবে !
ভৌ !
ওঃ !
উঃ !
ঈ ! ঈ ! ঈ !
সর্বনাশ ! আমার গয়না !
ব্যাপারটা কী, সবাই অন্ধকারে এদিক-ওদিক ছুটছে কেন...যাচ্ছ কোথায় ?
প্লক্ প্লক্ প্লক্ প্লক্
দড়াম্
ওটা সামনের দরজা ! কুট্টুস, চল্ তো দেখি !
ভৌ !
গাড়ি ঢুকবার রাস্তা দিয়ে কেউ পালাচ্ছে !...আরে, ও তো ফোটোগ্রাফার !
বড্ড দেরি হয়ে গেছে ! আর ধরা যাবে না !
ভৌ ! ভৌ !
আ আ হ্ !
আ আ হ্ !
আ আ হ্ !
যাক, আলো জ্বলেছে !
কী হয়েছিল, নেস্টর ?
ফিউজ বিগড়েছিল, মিঃ টিনটিন ?
এদিকে...
বস্ খুশি হবেন !
সর্বনাশ, মাদাম !
ধপ্
আবার সেই হতচ্ছাড়া সিঁড়ি !
আপনার গ্-গ্-গয়না !
কী হয়েছে, ইরমা ?
আপনার গ-গ-গয়না মাদাম... আপনার গয়না !
দোহাই তোমার, কী হয়েছে খুলে বলো!
নেই, মাদাম !...সসব গেছে !... গোঁ-ও-ও-গোঁ-ও-ও !
সর্বনাশ !!
আঁ আঁ আঁ
আঁ আঁ আঁ
জলদি ! জলদি !



আ আ আ
?
ওখানে ! ওই সোফাটায় !
এই !...এখানে আর একজন বেহুঁশ !
এক্ষুনি পুলিশ ডাকতে হবে ।
স্মেলিং সল্ট চাই, স্মেলিং সল্ট !
তাজ্জব ব্যাপার !
জানতাম এমন হবে ! উঁহুহু...আমি জানতাম !
শুনুন, আপনাদের ফোটোগ্রাফারকে অন্ধকারে গা-ঢাকা দিয়ে পালিয়ে যেতে দেখেছি ।
আমাদের ফোটোগ্রাফার ?...কে ? যে-লোকটা এক্ষুনি এখানে ছিল ? ও আমাদের কেউ নয় ।
আমি ভেবেছিলাম ও আপনাদের লোক।
আর আমরা ভেবেছিলাম সিনিওরা কাস্টাফিওর ওকে এনেছেন ।
হ্যালো ? মার্লিনস্পাইক পুলিশ ? আমি ক্যাপ্টেন ...কী ?
ভুল নম্বর, সার । আমি কসাই কাট্স্... না, না, সার...
হ্যালো ?...মার্লিনস্পাইক পুলিশ ?...বাঁচা গেল... হ্যাডক বলছি ।
নমস্কার, ইন্স্পেক্টর...এক্ষুনি কাউকে এখানে পাঠাতে পারেন ? ভয়ঙ্কর একটা চুরি হয়ে গেছে...কী বললেন ? জোর বরাত ?
কী...কে ?...না ? ! ওরা আপনার সঙ্গে ছিল ? যাচ্চলে ! রওনা হয়েছে ? এক্ষুনি এখানে আসবে ?...ওরা এখানে কী করছে ? ঠিক আছে...ওদের জন্য অপেক্ষা করব...নমস্কার, ইন্স্পেক্টর ।
যত্ত সব আপদ ! ওই উজবুক দুটো মার্লিনস্পাইক থানায় কী করছে ?
তা হলে কাজটা ওই ফোটোগ্রাফারের... আশ্চর্য !
ওই চাউনি আমি চিনি । মানে বিপদ !
এই যে টিনটিন,তুমি এখানে...অতিথি আসছে। কল্পনাই করতে পারবে না কে আসছে !
অ্যাঁ ?...
দড়াম্
ঝন্
ঝনাৎ
ঝিন্
জিং
ক্রিং
হ্যাল্লো ! তোমার কথা শুনতে পাচ্ছি ।
?
!?


অতিথি বললে না ?··· নিশ্চয় মানিকজোড় !
ঠিক বলেছ !
!
আহা রে, বাছারা ! কী হয়েছিল ?
মানে···মনে হচ্ছে···ব্রেকটা একটু দেরিতে করেছিলাম···
সত্যি বলতে কি, আমার ধারণা তুমি আদৌ ব্রেক করোনি !
আশা করি তোমাদের চোট লাগেনি ?
না, মোটেই লাগেনি···আমরা কিছুতেই ঘাবড়াই না !···শোনো, একটা কথা গোপন রেখেছি । আমাদের এখানে পাঠানো হয়েছে ভীষণ গুরুত্বপূর্ণ কাজে : তোমাদের অতিথি সিনিওরা আর তাঁর গয়না পাহারা দিতে···
আচ্ছা !
মাথা-মোটা আহাম্মকের দল ! তোমরা নিশ্চয় আস্তাবলের দরজা বন্ধ করতে এসেছ, তাই না ?
নমস্কার, ক্যাপ্টেন ।
আস্তাবলের দরজা ?···না, আমরা গাড়িতে এসেছি···
ক্যাপ্টেনের কথার অর্থ—ঘোড়া পালিয়েছে : কাস্টাফিওরের গয়না কেউ চুরি করে সটকেছে ।
সত্যি ?
কে ?
সেটাই আমাদের জানতে হবে । ভিতরে চলো, সব বলছি ।
কয়েক মিনিট পরে···
এই হল বৃত্তান্ত···সব দেখে সেই রহস্যময় ফোটোগ্রাফারকেই সন্দেহ হয়, কিন্তু তবু···
তবু কী ? দুর্দান্ত চুরি । এক সহযোগী বিদ্যুৎসরবরাহ বন্ধ করেছিল, সেই ফাঁকে···
হতেই পারে না । বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়নি : ফিউজ গিয়েছিল ।
একই কথা । যার নাম চালভাজা তার নাম মুড়ি, বুঝলে খোকা । মোদ্দা কথা অন্ধকার হয়েছিল, আর চোর সেটাই চেয়েছিল ।
হতে পারে···তবে ফিউজ কখন নষ্ট হবে, অথবা আদৌ হবে কি না, চোরের তা জানবার কথা নয়···নিতান্তই দৈব ঘটনা ।
হুম্‌ম্‌
আমিও ঠিক তাই বলতে যাচ্ছিলাম !
ঠিক আছে, তুমি যখন খুঁটিনাটি নিয়ে এত মাথা ঘামাচ্ছ, তখন আমার আর একটা ছোট্ট প্রশ্নের জবাব দিয়ে কৌতূহল মিটিয়ে দাও···


তুমি বলছ ফিউজ গিয়েছিল ... মানলাম ... কিন্তু তুমি নিজের চোখে ব্যাপারটা দেখেছিলে ?...
না, সেলার থেকে উঠে এসে নেস্টর আমাকে বলেছিল ।
নেস্টর ? ... সেই বাটলার ? ... বাহ !
বাহ !
নেস্টর, এককালে যে জোচ্চোর বার্ডভাইদের দলে ছিল... খাসা চরিত্র !
তুমি ভাল করেই জানো ওই গুণ্ডাদের বিচারের সময় প্রমাণ হয়েছিল যে, ওদের কাজকর্মের কথা নেস্টর কিছুই জানত না ! তবু...
নিকুচি করেছে তবু-র, নেস্টর বিলকুল নির্দোষ । বারণ করে দিচ্ছি, খবরদার ওকে সন্দেহ করবে না !
ঠিক আছে, সে পরে দেখা যাবে । ততক্ষণ মামুলি প্রশ্নগুলি শেষ করে নেওয়া যাক ।
চমৎকার । আমার সঙ্গে এসো !
সাবধান, চতুর্দিকে তার ছড়ানো আছে...
হুঁ
জানি !
জনসন আর রনসন, বেসরকারি গোয়েন্দা !
কেউ বাইরে যাবেন না !
আর ইনি সিনিওরা কাস্টাফিওর ! দেখা যাচ্ছে ওঁর জ্ঞান ফিরেছে ।
আঃ, মিলানের সেই সুধাকণ্ঠী কাস্টাফিওর...
সিনিওরা !
চমৎকার !
ম্যাডাম, আমরা আপনার সেই ভয়ঙ্কর ক্ষতির ব্যাপারটা জট পাকাতে... মানে অনুসন্ধান করতে এসেছি...
সংক্ষেপে বলতে গেলে...
বলুন, বলুন !
ম্যাডাম, একটা কথার জবাব দিন : গয়নাগুলো কোথায় খোলা... মানে তালা দেওয়া ছিল ?
দোতলায় আমার ঘরের দেরাজে ছিল... হায়, হায়, আমার এমন সুন্দর গয়না !
জীবিত অথবা মৃত ওগুলো আমরা খুঁজে বের করবই । সব এলোমেলো করে দেওয়াই আমাদের নীতি... ভাল কথা, আপনার গয়না পুরোপুরি বিমা করা ছিল ?
হায়, হায়, না, মশাইরা...
মিঃ সোয়াগ বলেছিলেন সব ব্যবস্থা করে দেবেন...
সোয়াগ ? ব্যবস্থা করবে ? কী ব্যবস্থা করবে ? ম্যাডাম, এটা কি ষড়যন্ত্র ?


না, না ! মিঃ সোয়াগ এক বিমা কোম্পানির প্রতিনিধি !
তবে ঠিক আছে ... নইলে...
হ্যাঁ, নইলে...
তা হলে আপনার গয়না দোতলার দেরাজে ছিল... ভাল কথা...দেরাজ তালাবন্ধ ছিল ?
আর চাবিটা একটা ভাসের মধ্যে রেখেছিলাম ! তার আগে দেরাজ থেকে গয়নার বাক্স বের করবার সময় চাবিটা ওখান থেকে এনেছিলাম !
বাক্স ? বাক্সটা আবার কিসের ম্যাডাম ?
কেন, আমার গয়নার বাক্স, যেটা আমি...
আমি... এইযযা ! এবার মনে পড়েছে !
আমি এখানে বসে ছিলাম...
এখানে !... এখানে ! কেমন, ঠিক বলিনি ?
আমার গয়না ! দেখুন, কী সুন্দর ! সব এখানে রয়েছে ! ... হ্যাঁ ... সব ! উহ্, আনন্দে আমার কান্না পাচ্ছে !
আমার কিচ্ছু মনে থাকে না ! ... টেলিভিশনের সুন্দর ভদ্রলোকরা যখন এসেছিলেন তখন যে আমি গয়নার বাক্সটা এখানে নিয়ে এসেছিলাম সে-কথা আমার মনেই ছিল না ! হা হা হা ! ... কী হাস্যকর ব্যাপার ! ... তাই না ?
হাস্যকর ব্যাপার ?... না ম্যাডাম, এটা মোটেই হাস্যকর ব্যাপার নয় ! আচ্ছা, চলি !
ঠিক কথা, আমরা হাস্যকর নই !
কী হল ? ... এইযযা, আমি আবার কী করলাম ? ... ওরা রেগে গেলেন কেন ?
এই নাও তোমাদের টুপি!... আর সাবধান, তার সামলে !
ধন্যবাদ, সামলাতে জানি ! আমরা ছেলেমানুষ নই সে-কথা আগেও বলেছি !
ব্যাং
কিং



তার সামলে চলতে বলেছিলাম !
তার বলেছিলে, বিদ্যুতের তার বলোনি !
সম্পূর্ণ আলাদা জিনিস !
এই হল কাস্টাফিওরের গয়নার বৃত্তান্ত ! ওই ফোটোগ্রাফার লোকটা ধাঁধায় ফেলেছে
তবে ওটা ছেড়ে দিলে, সব ভাল যার শেষ ভাল !
সুন্দরী লো সুন্দরী
একটু আশাবাদী হচ্ছ না কি?
আমি কুটুসকে নিয়ে বেড়াতে যাচ্ছি একটু হাওয়া চাই । দেরি হবে না ।
ঠিক কথা । একটু ঘুরে এসো । আমি ঘাঁটি আগলাব ।
ভৌ !
কী চমৎকার রাত !
মনে হচ্ছে ... হ্যাঁ, গিটার বাজছে... নিশ্চয় যাযাবররা !
মনকে কেমন আচ্ছন্ন করে এই সঙ্গীত !
চলো কুটুস, ফিরতে হবে ।
বনের মধ্যে সব কেমন শান্ত ... শব্দ নেই... একটা পাতাও নড়ছে না... নিস্তব্ধ...
উউউ...উউ
ভৌ !



হুতুম থুম
একটা পেঁচা ! বাব্বা, কেমন চমকে উঠেছিলাম !
কুটুস, চলে আয় !
তিনদিন পরে···
হ্যাঁ··· হ্যাঁ··· জানি, মানে··· হ্যাঁ একটা বিয়ে ছিল··· এই··· আমার সৎবোনের জ্ঞাতি-ভাই··· কাল সকালে আপনার ওখানে যাব··· হ্যাঁ, কথা দিচ্ছি··· সার··· রাখছি সার ।
কাল না এলে আমি··· আমি··· দূর ছাই, কী করব তা জানি না··· তবে আমি এসব সহ্য করব না !
ঝনাত
না, আমি এসব সহ্য করব না ! বলে দিচ্ছি আমি এসব সহ্য করব না !
আমি ওদের আদালতে নেব ! ··· হাজতে পুরব ! অসহায় দুর্বল মহিলাকে নিয়ে ঠাট্টা !
সিঁড়ি সামনে !
জানি !··· এটা দেখুন ! কী লজ্জার ব্যাপার ! অসম্মানজনক ! জঘন্য ! তবে আপনাকে বলে দিচ্ছি ওরা পার পাবে না ! ··· এটা দেখুন !
TEMPO DI ROMA
LA DIVA E IL PAPPAGALLO
In questo numero alle pagg. 8-9-10
কিন্তু ব্যাপারটা কী ? ··· মোটেই খারাপ নয়, ওই ফোটোটা···
খারাপ নয় ! ··· খারাপ নয় ! একথা বলতে পারলেন ? জঘন্য, আমি বলছি জঘন্য !
জঘন্য ? আমার তেমন মনে হচ্ছে না··· বরং মনে হচ্ছে ফোটোর সঙ্গে চেহারার খুব মিল আছে !
চমৎকার ! ··· পাজিদের সাফাই !··· ওরা নচ্ছার ! যত সব পাজি, বদমাশ, ছুঁচোর দল ! ··· সীমা ছাড়িয়ে গেছে ! এটা কেবল মিলের প্রশ্ন নয় ! ··· তার চেয়ে ঢের··· ঢের খারাপ !
তার চেয়ে খারাপ ? কী বলতে চাইছেন ?



মানে···ওই ফোটোটা 'টেম্পো'-র এক রিপোর্টার এখান থেকে তুলেছিল আর অনুমতি না নিয়েই ও ভিতরে ঢুকেছিল ! আপনার বাড়ি যেন হোটেল !
কী বললেন সেই রিপোর্টার ?
হ্যাঁ, সেই লোকটা, যে অন্ধকারে পালিয়ে গিয়েছিল···কী বিশ্রী ব্যাপার ! আমি ওই হতচ্ছাড়াকে বলেছিলাম, "তোমার এত দুঃসাহস আমার ওজন চোদ্দ স্টোন বলো! বেশ, আর ফোটো নয়, সাক্ষাৎকারও নয় ! তোমার রিপোর্টারদের বলে দিও আমি ওদের মুখ দেখতে চাই না !"
আর ও কিনা একটা জঘন্য ধোঁকা দিয়ে একটা গোটা ফিচার করেছে ! আর সবই আপনার জন্য ! সব দোষ আপনার !
আমার দোষ ? !···
নিশ্চয়···বিনা নিমন্ত্রণে কেউ যাতে বাড়িতে ঢুকে না পড়ে সেদিকে যদি নজর রাখতেন···যদি যাকে-তাকে বাড়ির ভিতরে ঢুকতে না দিতেন তবে এমন ঘটনা ঘটত না !···আর এই যে মিঃ ওয়াগনার,আপনার সঙ্গে কথা আছে !
মিঃ ওয়াগনার, আপনি তা হলে দিয়ে এসেছেন !···কোথায় গিয়েছিলেন ?··· আর আপনাকে বাইরে যাবার অনুমতি কে দিয়েছিল ? আপনার কাজ আছে, মিঃ ওয়াগনার ; পরদা মেলাতে হবে !
কিন্তু···
চুপ করুন !···বাজনায় আপনার মন নেই, মিঃ ওয়াগনার !··· কাল দুটো সুর ভুল ছিল !··· আমি চাই ভবিষ্যতে আপনি সারাদিন রেওয়াজ করবেন, বুঝতে পেরেছেন ?
হ্যাঁ, সিনিওরা··· মানে··· না··· হ্যাঁ, সিনিওরা···
আর ইর্মা তুমি ?··· তোমার সোনার কাঁচি পেলে ? নিশ্চয় পাওনি !··· তোমার কী হয়েছে বলতে পারো ?
আমার, মাদাম ?
ঢং
হ্যাঁ, তোমার !···বোকার মতো হাঁ করে তাকিয়ে না থেকে দ্যাখো কে এল ?
হ্যাললো, খুকুমণি !
সুপ্রভাত,ডাচেস !··· কেমন আছেন ? সব ভাল তো ?··· আর আপনার হবু স্বামী ? তিনি ভাল আছেন তো ?··· তা বেশ !··· এই নিন,আপনার জন্য সুন্দর একটা বিমাপত্র নিয়ে এসেছি···
অত্যন্ত দুঃখিত, মিঃ স্যাগ !··· বড্ড দেরি করে ফেলেছেন ! জানেন তো শুভ কাজে বিলম্ব করতে নেই !
কী ব্যাপার ? আপনি নিশ্চয় ঠাট্টা করছেন !
তর্ক করবার চেষ্টা করবেন না মিঃ স্যাগ···নিজের গয়না আমি নিজেই সামলাব ! নমস্কার, মিঃ স্যাগ ।
দড়াম



এখানেই শেষ !
এই যে ম্যাডাম। অবাক কান্ড;এক্ষুনি মেঝের ওপর এই পত্রিকাটা পেলাম··· আর বলুন তো কার সুন্দর মুখের মিল রয়েছে এর মলাটের ছবিতে ? দেখুন !
আমি জানি প্রোফেসর ক্যাল্ডিফ্লুস ! আমি জানি ! দয়া করে ওকে মিল বলবেন না !
মিল নয় ?···অসাধারণ মিল···আর তোতাটা··· মনে হচ্ছে যেন···
···রসিকতা উপভোগ করছে··· একটু দাঁড়ান···
TEMPO
এইসব নয়··· দাঁড়ান, ভিতরে আর কিছু পাতা আছে। একটু দেখতে দিন···
আহ চেসটার !
এতক্ষণে তোমার সময় হল ? দশ মিনিট আগে ঘণ্টা বেজেছে ! তোমার কি ধারণা তোমার হয়ে আমি দরজা খুলে দেব ?
এবার দেখা যাক···
কিন্তু···
একটু দাঁড়ান, ম্যাডাম··· মনে হয় পেয়েছি···হ্যাঁ, এই তো···
?
TEMPO
!?
এই দেখুন··· !
আমি দিব্যি করে বলতে পারি···
দিন বয়ে চলে···
পরদা ! পরদা ! পরদা মেলাও !
···শেষে একদিন···
পরদা ! পরদা !
সর্বনাশ ! আমার গয়না !
খুন !
আমার পান্না !
এই সেরেছে !··· মহিলা আবার গয়না হারিয়েছেন !
!?
শুনেছ ?
হ্যাঁ, হ্যাঁ···চিন্তা নেই। দু-এক মিনিটের মধ্যেই উনি ফের পেয়ে যাবেন।
ধপাস
আবার কেউ ভাঙা সিঁড়িতে পা হড়কাল !
?


জলদি ! কী হল দেখি !
আশ্চর্য ! কেউ নেই !
বাঁচাও ! বাঁচাও !
কী হচ্ছে ?
আঃ ! মিঃ ওয়াগনার··· আমি জানি না···
সিনিওরা কাস্টাফিওরের কান্না শুনতে পেলাম···তারপরে কে যেন সিঁড়িতে পড়ে গেল ।
আমারও মনে হল কী যেন শুনলাম···তবে আমি রেওয়াজ করছিলাম বলে···
উঁহুহু···
আমার পান্না ! ···উঁহুহু···
কী হয়েছিল,সিনিওরা ?
আমার পান্না···উহুহু···গোপালের মহারাজার দেওয়া পান্না চুরি হয়ে গেছে···উঁহুহু ···
ভাল করে ভেবে দেখুন···হয়তো ভুল করে কোথাও রেখেছেন···
না, না···উঁহুহু···গয়নার বাক্সটা, ওর মধ্যে পান্না ছিল, আমি ওই ড্রেসিংটেবিলের ওপরে রেখেছিলাম··· বাক্স খুলে গয়না দেখলাম··· তারপরে বাথরুমে গেলাম···উঁহুহু···মিনিট পনেরো পরে ফিরে এসে দেখি··· উঁহুহু···বাক্স খালি··· উঁহুহু··· আমার পান্না···
ওই দেখুন, বাক্সটা যেখানে রেখেছিলাম ঠিক সেখানেই আছে··· উঁহুহু···
পান্না মেঝেতে পড়ে যেতে পারে···
তা অসম্ভব ! ওটা বাক্সের মধ্যে ছিল···ইরমা সব খুঁজে দেখেছে···
ওটা চুরি হয়েছে···উঁহুহু··· শিগগির পুলিশ ডাকুন···
এক্ষুনি ওদের ফোন করছি···
চোর হোক বা যেই হোক সিঁড়ি থেকে পড়ল কে ?
ধপাস
ধপ
জ্বালিয়ে খেলে ! আর-একজন !
কে পড়ল ভাবছিলে ? তখন জানতে পারলে !


আমার বুঝতে বেশি ভুল না হয়ে থাকলে এখন সিঁড়িতে যে আছাড় খেল সে চোর !
হ্যালো ? হ্যাঁ আমি...জনসন...সুপ্র... অ্যাঁ...কী বললেন...চুরি... ? একটা পান্না ? সিনিওরা কাস্টাফিওর কি নিশ্চিত যে,এবার ওটা সত্যিই চুরি হয়েছে ?
ভাল প্রশ্ন ।
ভয় হচ্ছে সত্যিই চুরি হয়েছে !
বেশ...মহিলার কপাল ভাল । তোমাকে বলতে বাধা নেই উনি যদি বুনো হাঁস তাড়াতে আমাদের আবার মার্লিনস্পাইকে নিয়ে যেতে চাইতেন তবে আমরা যেতাম না !
কিছুতেই না !
আধঘণ্টা পরে...
মোদ্দা কথা হল, চুরিটা যদি বাড়ির কেউ করে থাকে তা হলে সন্দেহভাজন মাত্র ছ'জন ; ইর্‌মা, ওয়াগনার, নেস্টর, ক্যালকুলাস, টিনটিন এবং ক্যাপ্টেন, আপনি নিজে ।
আপনি বলতে চাইছেন.... !
দাঁড়ান !...আমাদের তালিকা থেকে তিনজনকে সরাসরি বাদ দেওয়া যায়: আপনি, কারণ হুইলচেয়ারে বসে আপনি উপরতলায় যেতে পারবেন না; টিনটিন যে আপনার সঙ্গে ছিল ; এবং ওয়াগনার : সে মেরিটাইম গ্যালারিতে বসে পিয়ানো বাজাচ্ছিল ।
ওকে যদি বাজানো বলেন...
বাকি রইল ইর্‌মা, নেস্টর আর প্রোফেসর...
এই তিনজনের মধ্যে একজন চোর ?... আপনার মাথা নিশ্চয় খারাপ !
অতএব আপনার অনুমতি নিয়ে আমি এদের প্রত্যেককে আলাদা ভাবে গোপনে জিজ্ঞাসাবাদ করব
ঠিক আছে । আমি নেস্টরকে পাঠাচ্ছি । তবে অযথা সময় নষ্ট করছেন ।
আমি কোথায় ছিলাম ? বাগানে, প্রোফেসর ক্যালকুলাসের কাছে । উনি গোলাপ গাছ ছাঁটছিলেন... আমি বেগনিয়ায় জল দিচ্ছিলাম ...তখনই চিৎকার শুনে জানালার দিকে তাকালাম...
স্বীকার করছ তুমি যেখানে দাঁড়িয়ে ছিলে সেখান থেকে জানালা দেখতে পাচ্ছিলে ?
নিশ্চয় সার...তারপরে যখন চিৎকার চলতে থাকল, আমি জলের ঝারি ফেলে দিয়ে বাড়ির দিকে ছুটে যাই...
তুমি তাড়াতাড়ি বাড়ি পৌঁছতে চেয়েছিলে, তাই না ?....যাও, ক্যাপ্টেনকে বলো ইর্‌মাকে পাঠিয়ে দিতে ।
হুঁহু...আমি আমার ঘরে বসে সেলাই করছিলাম...হুঁহু...হঠাৎ মাদামের কান্না শুনে...হুঁহু...ওঁর ঘরে ছুটে যেতেই...হুঁহু...উনি হুঁহু....অজ্ঞান হয়ে আমার কোলে... পড়ে গেলেন... হুঁহুউ
আচ্ছা
মাদাম আমাদের বলেছেন, উনি বাথরুমে মিনিট-পনেরো ছিলেন । আপনি ওঁর স্বভাব জানতেন, কাজেই চুপিচুপি ওঁর ঘরে ঢুকে পান্নাটা হাতিয়ে নিয়ে বেরিয়ে যাবার অথবা জানালা দিয়ে কোন সাহায্যকারীর....যেমন নেস্টর....কাছে ফেলে দেবার সুযোগ ছিল...তাই না ? কবুল করুন !
ইইইইক !
বাঁচাও !
টিনটিন ! বাঁচাও !
!
?



জানোয়ার !
উফ !
উহ্ !
জানোয়ার ! জানোয়ার !
?!
ইর্মা ! ইর্মা ! কী হয়েছে ? ...থামো !
ওরা...উঁহুহু...ওরা বলছে আমি...হুঁহুঁ...মাদামের পান্না চুরি করেছি...জীবনে আমি অন্যের...হুঁহু...একটা কুটোও নিইনি ...হুঁহুঁ...বরং আমার নিজের...কাঁচিটা...হুঁহুঁ...আমার রুপোর সুন্দর অঙ্গুস্তানাটা...চুরি হয়ে গেছে...হুঁহুঁ...আর ওদের তত আস্পদ্দা আমাকে বলে চোর...হুঁহুঁ...দুষ্টু লোক !
উঁহুঁহুঁ...উঁহুঁহুঁ !
কথাটা সত্যি ? সত্যি তোমরা ওকে চোর বলেছ ?
না...মানে, কী জানো এটা একটা কৌশল । কখনও কখনও কাজে লাগে ।
সামান্য একটু গোলমাল । কাজ করতে গেলে এরকম হয়...তুমি ক্যালকুলাসকে পাঠিয়ে দেবে ?
নিশ্চয় । কিন্তু তোমার জায়গায় আমি হলে কাজটা অন্যভাবে করতাম ।
প্রোফেসর, একথা কি সত্যি যে ম্যাডাম কাস্টা-ফিওর যখন প্রথম চেঁচিয়ে ওঠেন নেস্টর তখন আপনার কাছে ছিল ?
মোটেই না! কোনও অসুবিধা নেই । চুরির কথা শুনেছি আর শুনে ভদ্রমহিলার জন্য মনে বড় ব্যথা পেয়েছি, সত্যি বড় ব্যথা পেয়েছি ।
হ্যাঁ...মানে...প্রশ্নটা ছিল, প্রোফেসর...
আমি সঙ্গে-সঙ্গেই কথাটা ভেবেছি... এবং আমাকে ডেকে পাঠাবার আগেই এ-বিষয়ে একটা সিদ্ধান্তে এসেছি ।
না ! না ! না ! আমি এটা সহ্য করব না !
এটা একটা সহজ গতিপথ নির্ণয়ের ব্যাপার ; আমার পেণ্ডুলামটা দেখুন ।
?
এই যে, আপনারা এখানে !
এটা অগ্নি-কোণের দিকে... অর্থাৎ...
এসব কী শুনছি, অ্যাঁ ?...আপনাদের এত ধাষ্টামো যে, ইর্মাকে চোর বলেছেন ?...আমার সৎ ইর্মা !...আমি এসব সহ্য করব না ! গরিব অসহায় নারীকে আক্রমণ ! আমি রাষ্ট্রসঙ্ঘে নালিশ করব !
...যাযাবরদের ডেরার দিকে নির্দেশ করছে !


আর ইরমা যদি কাজ ছেড়ে দেয়, এইরকম অপমানের পরে দিতেই পারে, তা হলে কি আমাকে নতুন কাজের লোক জোগাড় করে দেবেন ? আর সে বেশি মাইনে চাইলে বাড়তি টাকাটা কি আপনারা দিয়ে দেবেন ? ...বলে দিচ্ছি আপনারা যদি ইর্‌মার কাছে ক্ষমা না চান...
...আমি এক্ষুনি এই বাড়ি ছেড়ে চলে যাব ! ক্যাপ্টেনকে বলে দেব !
দেখছেন, অগ্নিকোণ নির্দেশ করছে।
হ্যাঁ...কী যেন বলছিলুম ?...
বুঝতে পেরেছেন, আমি কারও নামে অভিযোগ করছি না । নিতান্তই পেণ্ডুলামটা ওদের ডেরার দিকে নির্দেশ করছে...
ডেরা ? আপনি কী বলছেন ?
মাফ করুন ! আপনাদের ওখানে যেতে দেব না ! ওরা সত্যিকার যাযাবর ! আপনাদের যেমন চিনি ওদেরও তেমন চিনি !
তোমার বন্ধু ক্যালকুলাস,ওর মাথায় কি...মানে ...একটু ইয়ে আছে ? সারাক্ষণ এক যাযাবরের ডেরার কথা বলছে !
হ্যাঁ, কথাটা ঠিক । কাছেই যাযাবরদের একটা ডেরা আছে ।
সত্যি বলছ ?...এটা আগে বলোনি কেন ? কোনও সন্দেহ নেই এটা ওদের কাজ !
কিন্তু শোনো, তোমাদের হাতে কী প্রমাণ আছে ?
প্রমাণ ? সে আমরা জোগাড় করব !...এই ধরনের লোকেরা স্বভাবচোর ! নষ্ট করবার মতো সময় নেই, ওদের ডেরায় নিয়ে চলো !
ঠিক আছে, নিয়ে যাচ্ছি । কিন্তু ওরা যাযাবর বলেই ওদের সন্দেহ করবার তোমার কোনও অধিকার নেই ।
ওখানে এখনও ওদের দেখা পেলে অবাক হব । কাজ বাগিয়ে ওরা নিশ্চয় পালিয়েছে ।
আমার তা মনে হয় না !
তাঁবু কোথায়?
অ্যাঁ !
তা হলে ?
ওরা...ওরা চলে গেছে !...কিন্তু আমি যে কাল রাত্তিরেও ওদের দেখেছি...
আমি কী বলেছিলুম ? ওরা কেটে পড়েছে !
বেশি দূরে যেতে পারেনি !
...সব টহলদার পুলিশ সাবধান...একদল যাযাবরকে আটকাও । ওরা কয়েক ঘণ্টা আগে মার্লিন- স্পাইক ছেড়ে রওনা হয়েছে... কোনদিকে গেছে জানা যায়নি...


দু'দিন পরে...
"কাস্টাফিওর-পান্না চুরির তদন্ত চলছে..." ইত্যাদি,...আহ্ ! "চুরির সময় যে-যাযাবররা মার্লিনস্পাইকের কাছে তাঁবু খাটিয়ে ছিল,তারা পুলিশকে তদন্তে সাহায্য করছে । সদর দফতরের জনৈক মুখপাত্র এ-বিষয়ে কোনও মন্তব্য করতে অস্বীকার করেন" ...আচ্ছা !
BROL
আহা, বেচারারা... আমি ঠিক জানি ওরা সম্পূর্ণ নির্দোষ
আমিও জানি । ওদের জন্য নিজের জীবন পণ রাখতে পারি...
টিনটিন ! ক্যাপ্টেন ! আমার প্রিয় বন্ধুরা !... দুর্দান্ত আবিষ্কার ! দু-র্দা-ন্ত ! এই মুহূর্তে আমি একটা টেলিভিশন-সেট আবিষ্কার করলাম !
আপনি চিরকালই পথিকৃৎ !
অবশ্যই রঙিন টেলিভিশন । সেদিন টেলিভিশন সেটগুলি দেখে নিজের মনে ভাবলাম ছবিগুলি শুধু সাদা-কালোয় এটা বড় আপসোসের কথা !
আপনি কি জানেন এর মধ্যেই কেউ...
মোটেই না, এটা কেবল একটা কলাকৌশলের প্রশ্ন । এবার মন দিয়ে শোনো... । ছোট পরদায় লোকগুলিকে সাদা-কালোয় দেখতে পাও, তাই না ? কিন্তু স্টুডিওতে ? সেখানে কী হয় ?
স্টুডিও ?
মানে...
তোমাদের নিশ্চয় জানা আছে যে, স্টুডিওতে ছবির বিষয়গুলি সবই রঙিন...আমার যন্ত্রের কাজ হল এই রংগুলি ফিরিয়ে আনা...কী করে ?... কী করে ?...মোটামুটিভাবে বলতে গেলে সাধারণ টেলিভিশন সেট আর বিশেষ একটি পরদার মাঝখানে রঙিন ফিলটার ঢুকিয়ে দিয়ে...আমি একে বলি 'সুপার-ক্যালকাক্যাল্লার'।
দারুণ ব্যাপার !
তোমার তাই মনে হয় ?...বিনয় করেও বলছি আমার নিজের মন্তব্যও হবে : অসাধারণ ! আমার আবিষ্কার অবশ্যই তোমরা নিজেরা যাচাই করে দেখবে । আজ রাত্তিরে ওদের বিখ্যাত অনুষ্ঠান 'স্ক্যানোরামা' আছে । তোমরা আমার সঙ্গে দেখবে ?
সেদিন বিকেলে...
তোমরা সবাই নিশ্বাস বন্ধ করে থাকো ! এক ঐতিহাসিক মুহূর্ত আসছে !
আজ রাত্রে... ডিং স্ক্যানোরামা... ডং আপনাদের সামনে নিয়ে...
...আসছে তিন মহাদেশের উল্লেখযোগ্য খবর । আমাদের ভ্রাম্যমাণ ক্যামেরা
নিয়ে এসেছে জোহোদে অনুষ্ঠিত ২১শ তাশিস্ট পার্টি কংগ্রেস, তুষারমানবের গোপন জীবন এবং মার্লিনস্পাইকে গয়না চুরির খবর...
কী আশ্চর্য...
কাকতালীয় ব্যাপার !
অবাক কাণ্ড !



জোহোদে ২১শ তাশিস্ট পার্টি কংগ্রেসে এক অসাধারণ হিংসাত্মক ভাষণে মার্শাল কুর্ভি তাশ বলেছেন…
ছবি তেমন স্পষ্ট হচ্ছে না, কিন্তু আমি ঠিক করে দিতে পারি…
ডিগাডগ ডিগা-ডিগা-ডুগ ডিগা-ডগ-ডুগ ডাগো ডাগো ডাগো ডাগো ডিগা ডুগ
আগের থেকে ভাল, তাই না ?
এবার শব্দ !
ঠিক আছে, না ?
শব্দ ! বজ্রপাত ! ঝঞ্ঝাবাত ! শব্দ ঠিক করো !
ক্র্যাক্
?
এইযা ! একটা ভাল্‌ভ্ গেছে ! বদলাতে সময় লাগবে না…
দশ মিনিট পরে…
এই তো ! ঠিক হয়ে গেছে !
ঘটনার সংক্ষিপ্ত বিবরণ। আপনারা জানেন ইতালির বিখ্যাত গায়িকা বিয়াংকা কাস্টাফিওর বর্তমানে এদেশে আছেন…
সুন্দরী লো সুন্দরী তুলনাহীনা সুন্দরী
আমার গলা ? উঃ, কী সাঙ্ঘাতিক !
ঐতিহাসিক মার্লিনস্পাইক হলে দুঃসাহসিক ডাকাতির ফলে সঙ্গীতসম্রাজ্ঞীর একটি অমূল্য পান্না রহস্যজনকভাবে উধাও হয়েছে !
আমাদের এক প্রতিবেদক তদন্তকারী অফিসার জনসন আর রনসনের সঙ্গে দেখা করেছিলেন। তাঁরা কী বলেন শুনুন…
না, আমাদের মুখে কুলুপ। আমরা কাকে সন্দেহ করি সে-কথা বলা যাবে না, তবে এ-বাড়ির কেউ নয়। জানেন তো আমাদের মুখ বন্ধ…
হ্যাঁ, আমাদের নীতি হল 'বোবা সেজে থাকো'। তাই প্রথম থেকে যাযাবরদের সন্দেহ করলেও, চুরির পরের দিন
তারা ছাবু তেড়ে…ইয়ে তাঁবু ছেড়ে চলে যাবার পরে, সে-কথা আপনাদের বলা যাবে না। তবে আমরা ঝটপট ওদের খুঁজে বের করলাম আর ওদের গাড়ি তালাশ করে চমকপ্রদ এক আবিষ্কার করলাম !


আমরা যে শুধু সিনিওরা কাস্টাফিওরের পরিচারিকার একজোড়া কাঁচি পেয়েছি তাই নয়, ওদের গাড়ির মধ্যে একটা···
···বাঁদরপরানো পোশাক···ইয়ে··· পোশাক পরানো বাঁদর পেয়েছি । বোঝাই যাচ্ছে দেওয়াল বেয়ে একটা চটপটে লোকের পক্ষেই কেবল পান্না চুরি করা সম্ভব ছিল··· আর বাঁদরটাই সেই লোক । অবশ্য গোটা দলটাই অস্বীকার করেছে···
একটা ছোট মেয়ে কাঁচিটা পেয়েছিল । আর বাঁদরটা খাঁচার বাইরেই যায়নি ।
ব্যাপারটা এই অবস্থায় আছে···তবে আমরা সব-কিছু গোপন রাখছি । এখন কেবল পান্নাটা উদ্ধার করলেই হয়···
আর আপনাদের মতো এমন ধুরন্ধর মানিকজোড়ের কাছে এ তো ছেলেখেলা । সমস্ত পরিষ্কার করে দেবার জন্য ধন্যবাদ।
আসুন,এবার পুলিশি তদন্তের রহস্য আর উত্তেজনা ছেড়ে আজকের অন্য একটি বড় খবরের দিকে চোখ ফেরাই···
আর না ! ঢের হয়েছে !
বন্ধ করো ! চোখ জ্বালা করছে !
আর নয় ! যথেষ্ট !
এখনও একেবারে নিখুঁত হয়নি, তবু···
আমি চোখে সর্ষেফুল দেখছি ।
আমি, সব-কিছু ছ'টা করে দেখছি !
আম্মো !
পরের দিন সকালে···
বেচারা যাযাবররা···এখনও আমার নিশ্চিত বিশ্বাস ওরা নির্দোষ···আমি আবার দেওয়াল পরীক্ষা করে দেখেছি । একটা বাঁদর হেঁটে গেলেও ছানা থাকত। তা হলে ?
আরে ! মিঃ ওয়াগনার নেস্টরের বাইকে চড়ে গাঁয়ের দিকে চলেছেন ।
উনি নিশ্চয় পিয়ানো ছেড়ে উঠবার অনুমতি পেয়েছেন । এই সুযোগ···
আমরা বাড়ির ভিতরে যাব, কুট্টুস । এখন পিয়ানোর উৎপাত নেই ।
?


আমি নিশ্চয় স্বপ্ন দেখছি না··· মিঃ ওয়াগনারকে এক্ষুনি বাইকে চড়ে গাঁয়ে যেতে দেখলাম ! তা হলে পিয়ানো বাজাচ্ছে কে?
কী রে কুট্টুস ? কী পেয়েছিস ?
ভৌ ! ভৌ !
আরে ! এখানে কেউ একটা মই লুকিয়ে রেখেছে··· খাসা ! তা হলে মইটাকে কাজে লাগানো যাক ।
ওর ফিরতে দেরি আছে··· উপরে ওঠা যাক !
!?
?
অবাক কাণ্ড !
একটা ব্যাটারি টেপ-রেকর্ডার ! ওর নিজের বাজনার রেকর্ড বাজছে ! কিন্তু এর মানে কী ?
কেন ? কেন ?···আচ্ছা, মিঃ ওয়াগনার, রহস্য ভেদ করছি । আগে মইটা তাড়াতাড়ি সরিয়ে রাখতে হবে ।
বাঃ !
কুট্টুস, কোথাও লুকিয়ে পড় । শব্দ করিস না !
ভৌ !
ওস্তাদজি, এবার আমি আপনার জন্য তৈরি !
কাছেপিঠে কেউ নেই । কাজটা সেরে ফেলতে হবে···



মিঃ ওয়াগনার, আপনাকে সাহায্য করতে পারি কি ?
না, ধন্যবাদ, নিজেই পারব ।
ভিতরে ঢুকলে ক্-কী করে ?
আপনি যেভাবে এলেন ঠিক সেইভাবে, মিঃ ওয়াগনার…মইটা রাখুন…
ইয়ে…একটু ব্যায়ামের জন্য এটা করি… কৌশলটা দারুণ…তাই না ?
তা বটে ! আর টেপ-রেকর্ডারটা… ওটাও কি ব্যায়ামের জন্য ?
ওঃ, টেপ-রেকর্ডার…শোনো, কথা দাও, ব্যাপারটা সিনিওরা কাস্টাফিওরকে জানাবে না । মাঝে-মাঝে একটু হাওয়া খাবার জন্য কৌশলটা করেছি । জানোই তো উনি সারাদিন আমাকে পিয়ানো ছেড়ে উঠতে দেন না, আর…
হাওয়া ? নিশ্চয় গ্রামের হাওয়া, মিঃ ওয়াগনার !
ওঃ, তুমি জানো ! তা হলে তোমাকে সব খুলেই বলি !
ইরমা ! আপনারা ইরমাকে দেখেছেন ?
আমি মারা পড়ব ! দরজায় তালা দিতে মনে ছিল না !
ইরমা ? না, সিনিওরা !
ধন্যবাদ…কিন্তু মিঃ ওয়াগনার, আপনার পরদা ঠিক হল ?
আ-আমার পরদা, সিনিওরা ?
কিন্তু শুনতেই তো পাচ্ছেন, উনি বাজাচ্ছেন ।
আরে, তাই তো…মাফ করবেন, খেয়াল করিনি ।
বড্ড অন্যমনস্ক হয়ে যাচ্ছি !



ধন্যবাদ…কিন্তু আমাকে বাঁচালে কেন ?
কারণ, আপনাকে একলা পেতে চেয়েছিলাম…এবার পিয়ানোর সামনে বসে কথা শুরু করুন !
ঠিক আছে । সব খুলে বলছি । ব্যাপারটা হল ঘোড়া…আমি জুয়াড়ি । টেলিফোন করে বাজি ধরতে আমি রোজ গ্রামে যাই ।
হুম !
তাই নাকি ?…কিন্তু পান্নাটা যখন চুরি হয়, আপনি তখন গ্রামে ছিলেন না…সিঁড়ি থেকে যে-লোকটা পড়ে গিয়েছিল আপনিই সেই লোক…তাই না ?
হ্যাঁ, আমিই…
আমি চিলেকোঠায় গিয়েছিলাম…নীচে নামবার সময় সিনিওরা কাস্টাফিওরের কান্না শুনলাম…তাড়াতাড়ি পিয়ানোর কাছে ফিরে যাবার সময় সিঁড়িতে পা ফশকায় ।
চিলেকোঠায় কেন গিয়েছিলেন ?
মানে…কয়েকদিন ধরে ছাদে পায়ের শব্দ শুনছি…সন্ধেবেলা । শেষ পর্যন্ত ঠিক করলাম ব্যাপারটা কী খোঁজ নিয়ে দেখতে হবে…
আমাদের জিজ্ঞাসা করেননি কেন ?
আমার ধারণা ভুল হলে বোকা বনে যাব এই ভয়ে…যাই হোক আমি উপরে কিছুই দেখতে পাইনি ।
শেষ প্রশ্ন, মিঃ ওয়াগনার । আপনি যেদিন এলেন তার পরের দিন কাস্টাফিওরের জানালার নীচে আমি আপনার পায়ের ছাপ দেখেছিলাম…
আশ্চর্য, কিছু লোক কথা বলতে কী ভালইবাসে !
হ্যাঁ…খুবই সম্ভব ! রাত্তিরে সেই ঘটনার পরে আইভিলতা বেয়ে কেউ উঠেছে কি না জানতে আমি ওখানে গিয়েছিলাম !
বাহ্…এটাই জানতে চেয়েছিলাম !
না,ওয়াগনার পান্না চুরি করেনি । মনে হয় ও সত্যি কথা বলছে…এবার আসল অপরাধীকে খুঁজে বের করতে হবে !
যাই হোক আজ রাত্তিরে চিলেকোঠায় খোঁজ নিতে হবে…কুট্টুস, যাবি ?
আচ্ছা…অবশেষে !
রাত্তিরে…
স্‌স্‌স্‌ !


টিনটিন, আর কতক্ষণ এখানে থাকব ?
সস্, কুট্‌স ! ওই শোন ...
ক্র্যাক
দূর ! একটা ইঁদুর কিংবা নেংটি ! ধরব ?
সস্‌স্‌
খট
খট
খট
আরে ! ওদিকে দ্যাখ ! একটা বুড়ো প্যাঁচা ! নিশ্চয় রাত্তিরে এখানে থাকে !
খট
খট
খট
এই সেই 'দানব' যে ছাদে পায়চারি করে, সিনিওরা কাস্টাফিওর জানালা দিয়ে যাকে দেখে ভয় পেয়েছিলেন
হুতুম-থুম !
চল কুট্টুস, এবার নীচে যেতে পারি ! এখানে আর কিছু নেই !
আরও একটা ভুল সূত্র !
বাহ্ ক্যাপ্টেন ! তুমি অনেক সুস্থ ! চমৎকার !
হ্যাঁ, ডাক্তার এক্ষুনি চলে গেল। প্লাস্টার খুলে দিয়েছে।
ফের নিজের পায়ে দাঁড়াতে কী ভালই যে লাগছে তুমি তা বুঝবে না !
সাবধান ! ওটার ওপর...
...ভর দিও না !
শিগগির দেখা হবে, ডাক্তার !


সর্বনাশ ! এবার কী ঘটতে চলেছে ?
ওই গাড়িটার গোলমাল আমাকে দূর করতেই হবে !
কী হল ?....ব্যাপারটা কী ?
ব্যাপারটা কী ? কী হল ?
এই যে ক্যাপ্টেন প্যাডলক... আপনার পা সেরে গেছে দেখে বড় খুশি হলাম ।
ধন্যবাদ !
আপনার সুখে বাদ সাধতে হচ্ছে বলে দুঃখিত । কিন্তু খারাপ খবরটা দিতেই হচ্ছে । কাল আমি চলে যাচ্ছি !
না !... সত্যি বলছেন ? একথা সত্যি হতেপারে না!
দুঃখিত, বন্ধু ! মিলানের লা স্কালায় ওরা আমার জন্য পাগল হয়ে আছে ! আমেরিকায় যাবার আগে আমাকে বিদায় সংবর্ধনা জানাবে ।
আমার ভীষণ কষ্ট হচ্ছে ...মন ভেঙে পড়ছে... মত বদলানো যায় না ?
আপনি খুব ভাল । আমাকে রাখবার চেষ্টা করছেন । কিন্তু আমার টিকিট হয়ে গেছে !
আঃ !
শ্রীমতী চলে যাচ্ছেন !
শ্রীমতী কেটে পড়ছেন । হিপ হিপ হুররে ! পয়া দিন !
উনি চ-চললেন !....টা...রা... রা...রা...হ্যাঁ...হুম্ ।


আজ আমার শুভদিন। আমার হুইলচেয়ার চলে যাচ্ছে !
বুড়ো খোকা !
ভিতরে এসো। একপাত্র টানলেই মেজাজ খুশ হবে।
বিদায়ের মুহূর্ত এসে গেল···
বিদায়, ম্যাডাম···যাত্রা শুভ হোক !
বিদায়, প্রিয় ক্যাপ্টেন হ্যাটবক্স। আপনার চমৎকার আতিথেয়তার জন্যে ধন্যবাদ··· যেতে কষ্ট হচ্ছে···তবে কথা দিচ্ছি আবার আসব !
আ-মি নিশ্চিত আপনি আবার আসবেন !
আর আমার পান্নার··· হুহু···খোঁজ পেলেই···
হ্যাঁ, হ্যাঁ, সঙ্গে-সঙ্গেই জানিয়ে দেব। কোনও চিন্তা নেই···
ম্যাডাম, দয়া করে এই তুচ্ছ গোলাপ ক'টি গ্রহণ করুন। আমি যে নতুন জাতের গোলাপ সৃষ্টি করেছি এগুলি তার প্রথম নমুনা। আপনার সুন্দর নামে এর নাম রেখেছি বিয়াঙ্কা!
সুন্দর কল্পনা !
অসাধারণ ফুল ! অ-সা-ধারণ ! গন্ধ শুঁকে দেখুন, ক্যাপ্টেন স্টকপট !
না, ধন্যবাদ !
প্রিয় অধ্যাপক, আসুন আপনাকে আলিঙ্গন করি !
চুক
এবার আমাকে যেতেই হবে !
হ্যাঁ···আপনাকে যেতেই হবে··· বিদায় !
বিদায় ! ইয়াগোকে দেখবেন !
কোনও চিন্তা নেই !
বিদায়, ম্যাডাম !
শিগগির আসবেন !!
সর্বনাশ ! আমার গয়না !


সার ! সার ! ম্যাডাম এটা ভুলে ফেলে চলে গেছেন !
এই রে! ওঁর গয়না !
ধন্যবাদ, হেক্টর ! তোমাকে আমার একটা সই-করা ফোটোগ্রাফ পাঠিয়ে দেব !
এবার আপদ সত্যিই বিদেয় হয়ে··· বাঁচা গেল ! আর গান নয় ! "সর্বনাশ, আমার গয়না" নয় !
সর্বনাশ ! আমার গয়না !
তুমি ! যদি পালক ক'টির মায়া থাকে তবে গলায় অন্য রেকর্ড চাপাও !
কত্ত !
পাজি, হতভাগা, নচ্ছার ! আমি যখন কথা বলি চুপ করে থাকবে !
তিন দিন পরে···
হ্যাঁ···হ্যাঁ···জানি । আমার দোষ নেই···কী ? না, আপনারও দোষ নেই··· হ্যাঁ···ব্যান্ডের বাৎসরিক উৎসব ছিল···তারপরে আমার ফ্লু হল···
কবে ?···কাল ? সম্ভব নয়··· আগামী সপ্তাহের প্রথম দিকে হতে পারে···
রোসো, তোমাকে একবার ধরতে পারলে মজা দেখাচ্ছি, মিঃ বোল্ট···
ঝন্
এই লোকগুলোকে বুঝতে পারি না···কেবল তাড়া··· ঠিক জানি ওদের রক্তের চাপ বেড়ে যাবে !
আর্থার, আমিও ঠিক তাই বলি !
তুমি কি 'দৈনিক বার্তা' কাগজে খবরটা দেখেছ ? খবরটা···
···বুড়ি কাস্টাফিওর সম্পর্কে ! দেখেছি !
ভগ্নহৃদয় সুধাকণ্ঠী
মিলান, মঙ্গলবার
ইতালির সংবাদপত্রে উচ্ছ্বাস—'অসাধারণ···অপূর্ব···অবিশ্বাস্য' । গতরাত্রে লা স্কালাতে কিন্নরকণ্ঠী কাস্টাফিওর বিস্ময়মুগ্ধ শ্রোতাদের শোনালেন রসিনির গ্রাৎসা লাদরা ।
কিন্তু শ্রোতাদের প্রশস্তি কি হৃদয়ের ক্ষত মুছে দিতে পারে ? সুধাকণ্ঠী এখনও তাঁর অমূল্য পান্না চুরির শোকে কাতর । পুলিশি তদন্ত চলছে । পান্না চুরি করতে কি বাঁদর লাগানো হয়েছিল ? গোয়েন্দারা বলছে, মন্তব্য নয়, তবে যাযাবরদের সন্দেহ করা হচ্ছে । পান্না কিন্তু এখনও নিখোঁজ ।
এখনও বাঁদর দিয়ে পান্না চুরির সেই হাস্যকর তত্ত্ব ? এমন শিক্ষিত জানোয়ারের কথা কেউ শুনেছে ?
আচ্ছা, সেই রাজমিস্ত্রির কথা মনে আছে ?
কিন্তু···কিন্তু···তাই তো ! কেন নয় ?
কী কেন নয় ?
যাচ্ছ কোথায় ? কী হল ?
এক্ষুনি আসছি !
ভৌ ! ভৌ !


আশ্চর্য ! ওর কী হল ?
ক্যাপ্টেন,তুমি কি সিনিওরা কাস্টাফিওরকে কোনও খবর পাঠাতে চাও ?
আমি খবর পাঠাব…? ওই মহিলাকে ?
খবর পাঠাবে না ? বলতে ভুলে গিয়েছি, আমি আজ মিলান যাচ্ছি । ওখানে আন্তর্জাতিক টেলিভিশন কংগ্রেসকে আমার সুপার-ক্যালকালার দেখাব । ওঁর সঙ্গেও দেখা করব ।
যা মনে আসে তা-ই বলবে । কিন্তু দোহাই, ওঁকে এখানে আসতে নেমন্তন্ন করবে না ।
উত্তম প্রস্তাব ! ওঁকে বলব । নিমন্ত্রণ পেয়ে উনি নিশ্চয় খুব খুশি হবেন !
ক্যাপ্টেন ! ক্যাপ্টেন !
আবার কী ? ও কি ঘরে আগুন লাগিয়ে দিল ?
কাছেপিঠে কাঠুরে আছে ?
কাঠুরে ?…আছে । গ্রামে কাঠুরে চার্লি আছে…কিন্তু কেন ?
ধন্যবাদ !…ওঃ, ভুলে গিয়েছিলাম… মানিকজোড়কে ফোন করে জলদি আসতে বলো…পান্নার ব্যাপারে !
পান্নার ব্যাপারে ? …কী হয়েছে ?…
পরে বলব…আর টেলিফোন করতে ভুলো না, কেমন ?
কিন্তু টিনটিন, শোনো…
আধ ঘণ্টা পরে…
আমরা যে এসেছি সেটা বিশেষ অগু…ইয়ে…অনুগ্রহ… । আমাদের মতে টিনটিনের নতুন কিছুই বলবার নেই । আমাদের শেষ কথা আবারও বলছি—চুরিটা করেছে যাযাবরেরা । ওদের বানরের সাহায্য নিয়ে ।
আমাদের কাছে সব দিনের মতো পরিষ্কার, তাই না, রনসন ?
আমাদের মতে এটা নিদের মতো রপিস্কার । এর নড়চড় নেই ।
টিনটিন আমাদের শুধু একটা কথাই বলতে পারে : পান্নাটা কোথায় লুকনো আছে ।
আপনারা আমার সঙ্গে এলে সেই কথাটাই বলব ।
তুমি ?
অ্যাঁ ?!
হ্যাঁ ?!



যাযাবররা পান্নাটা কোথায় লুকিয়ে রেখেছে তা জানতে পেরেছ ?
যাযাবররা কিছুই লুকোয়নি
উপরে তাকাও…সব রহস্যের চাবি ওখানেই পাবে !
ওখানে ?
উপরে কোথায় ?
হ্যাঁ, কোথায় উপরে ?
ওই পপলার গাছে…
ওই পপলার ?…ওখানে তো শুধু একটা পাখির বাসা দেখতে পাচ্ছি !
হ্যাঁ, তবে ছাতারের বাসা, ক্যাপ্টেন !
তার মানে ? তুমি বলতে চাও…
?
একটা ছাতারে পান্নাটা চুরি করেছিল ! আমি বাজি রাখতে রাজি !
তাজ্জব কাণ্ড ! আর তাই তুমি পাখির বাসা দেখতে গাছে চড়বে বলে বুড়ো কাঠুরের সরঞ্জাম ধার করলে…
ঠিক তাই !
দোহাই টিনটিন, খুব সাবধান !
ভয় নেই
কিচ কিচ
টিনটিন, পা সামলে !
চিন্তা নেই…
মটাত


সাবধান, মরা ডাল সামলে !
মড়াত
ক্ষতি হয়নি !... খবর কী ? কিছু দেখতে পাচ্ছ ?
হ্যাঁ, ইরমার অঙ্গু-স্তানা পেয়েছি...
আর পান্নাটা ! এই দ্যাখো !!
কয়েক টুকরো কাচ... একটা মার্বেল...একটা চশমা...ব্যস, এই... আমি নেমে আসছি ।
কিচ-কিচ
চোর !
শাবাশ ! টিনটিন, তোমার জবাব নেই ! কিন্তু হঠাৎ তোমার ছাতারের কথা মনে হল কেন ?
কাগজে যে অপেরার কথা লিখেছিল তার নামটা তোমার মনে আছে ?
জানিনা... 'পিৎজা' না 'রাগাজা' কী যেন...
'লা গ্রাৎসা লাদ্রা'...অর্থাৎ 'চোর ছাতারে' ! তাই থেকেই হঠাৎ সব পরিষ্কার হয়ে গেল !
মনে হল, কাছেপিঠে কোথাও চোর ছাতারে আছে... কিন্তু কোথায় ? মিয়ারকা যেখানে কাঁচি পেয়েছিল সেখানে কী আছে ? কাঁচিটা নিশ্চয় লুকোবার জায়গা থেকে পড়ে গেছে । তাই দেখতে গেলাম, আর গিয়েই চোখে পড়ল বাসাটা ! যাক, যাযাবররা রেহাই পেল ।
আমাদের কপাল ! একবারই শুধু অপরাধীদের ধরলাম, আর দেখা গেল তারা চুরিই করেনি । ওরা কিন্তু কাজটা ভাল করেনি !
তোমার কি মনে হয় ওরা ইচ্ছে করেই এটা করল ?
যা-ই হোক, আমাদের জন্যেই পান্নাটা পাওয়া গেছে । এখন আমরা ওটা ম্যাডাম কাস্টাফিওরকে ফেরত দিলেই চুকে গেল।
কাথবার্ট ক্যালকুলাস কাল মিলান যাচ্ছেন । পান্নাটা ওঁর হাতে দিয়ে দিলে হয় না ?
কিছুতেই না ! শুধু আমরাই ওটা ফেরত দেব ! আমরা বর্তক্য , ইয়ে...কর্তব্যবদ্ধ !
যা ভাল মনে করেন— এই নিন পান্না ।
যাযাবরদের স্বস্তির কথা ভেবে আমি খুশি । ওরা তখন পুরোপুরি সন্দেহমুক্ত ।
দেখলে চোখ জুড়োয়...
ঠিক করে বললে বলতে হয়...
?
?
ওহ্ !



তোমরা কী করছ ?
মমানে···পান্নাটা···ওটা ঘাসের ওপর পড়ে গেছে··· আর ঘাস সবুজ···
ঘাসের মতো সবুজ !
ওটা অমূল্য···হ্যাঁ, ওর তুলনা নেই !
যে-কোনও লোকের হাত থেকেই পড়ে যেতে পারত···
ভৌ ! ভৌ এখানে তোমাদের বল !
এই নাও ! আর ফেলে দিও না !
নিশ্চিন্ত থাকো !
কয়েক মিনিট বাদে···
বিদায়, বন্ধুগণ । আমি যাচ্ছি···ম্যাডাম কাস্টাফিওরকে কিছু বলতে হবে ?
হ্যাঁ, নিশ্চয় !
জবর খবর !' বলবে, টিনটিন তাঁর পান্না খুঁজে পেয়েছে !
না, না ! আমি প্লেনে যাব । অনেক তাড়াতাড়ি হবে ।
আমি বলেছি কাস্টাফিওর পান্নাটা খুঁজে পাওয়া গিয়েছে ! পান্নাটা পা-ন্না-টা !!
কখনও না··আমি কখনও করি না···শুল্ক অফিসে আমি সব ঘোষণা করি··· এটা মর্যাদার প্রশ্ন···চলি !
ঠিক আছে, ক্যাপ্টেন···শান্ত হও । ম্যাডাম কাস্টাফিওরকে একটা তার পাঠালেই হবে ।
ওকে তোমার নিমন্ত্রণের কথা জানাতে ভুলব না···
আমরা এখন চলি···ময়নাটা জাপানে-ইয়ে··· গয়নাটা বাগানে··· যাকগে, বিদায় ক্যাপ্টেন !
বিদায় ! বিদায় !
বিদায় ! তদন্তে সাহায্যের জন্যে তোমাকে ধন্যবাদ ।
পান্নাটা তোমার কাছে আছে তো ?
না, ওটা তুমি রেখেছ !
মাফ করবে, ওটা তোমাকে দিয়েছি !
না, কখনও দাওনি !
পরের দিন সকালে···
বেশ হাঁটলাম···আকাশে মেঘ নেই ! পরিপূর্ণ শান্তি !··· চমৎকার !···
আহ, তুমি এসেছ ! এদিকে দ্যাখো !
কেন ?···কী হয়েছে ? সেই মহিলা কি ফিরে এসেছেন ?



দাখো ! মিঃ বোল্ট সিঁড়ি মেরামত করতে এসেছেন !
চমৎকার ! উনি সিঁড়ির ওপর একটা তক্তা পেতে দিয়েছেন, যাতে সিমেন্ট শুকোবার সময় পায় । উনি নিশ্চয় তোমাকে সতর্ক করে দিয়েছেন !
না, করেননি । তবে এ তো বোঝাই যায়...
হতে পারে, তবে তোমার ভালর জন্যেই বলে রাখলাম । সাবধান, মনে রেখো ওই তক্তার ওপর যেন কখনও পা রাখতে যেও না !
ঠিক, ক্যাপ্টেন ।
ঠিক তাই, সার ।
আগামী কয়েকটা দিন এইভাবে সিঁড়িটা ডিঙিয়ে যাবে, বুঝেছ ?
হ্যাঁ, ক্যাপ্টেন ।
সুন্দর, সার ।
দেখলে ? খুব সহজ । শুধু মনে রাখবে তুমি কী করছ...
ডং
কে... কে এল ?
আমি ফিরে এসেছি...বলতে ভুলে গিয়েছি...
আরে, মিঃ বোল্ট ! আসুন ! খুব খুশি হলাম...
হুতুম-থুম্
বড়ই দুঃখের কথা ! আমি শুধু এই কথা বলতেই ফিরে এসেছিলাম যে, কয়েকটা দিন সিঁড়িটা ব্যবহার করবেন না...দুঃখের ব্যাপার ! এমন সুন্দর মার্বেল !
কিচ-কিচ
নচ্ছার গুগলির ঝাঁক, নিপাত যা !

**অ্যার্জে-র দুঃসাহসী টিনটিন**

বাংলায় টিনটিন কমিক্‌স সিরিজের বই






































































**দুঃসাহসী টিনটিন-এর আরেকটি কমিক্‌স**

হাঙরহ্রদের বিভীষিকা

**অ্যার্জে-র অন্যান্য কমিক্‌স**

জো-জেট জোকোর অ্যাডভেঞ্চার

*কারামাকোর অগ্ন্যুৎপাত*

*গন্তব্য নিউইয়র্ক*

*গোখরো উপত্যকা*

*জন পাম্পের উত্তরাধিকার*

*ম্যানিটোবা জাহাজের রহস্য*

9 788172 155742